


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com




শুক্রবার বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৬২ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ০৯ আষাঢ় ১৪৩০ ॥ ০৪ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা ২৩ জুন ২০২৩

## আজ রাষ্ট্রপতি হজ্জ পালনে সৌদি আরব যাচ্ছেন

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন সৌদি সরকারের রাজকীয় অতিথি হিসেবে পবিত্র হজ্জ পালনে আজ শুক্রবার সৌদি আরব যাচ্ছেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি বিমান (ফ্লাইট নং: বিজি ৩৩১) রাষ্ট্রপতি, তাঁর স্ত্রী ড. রেবেকা সুলতানা ও ২-এর পাতায় দেখুন



## বিএনপি ক্ষমতায় এলে সব উন্নয়ন কাজ বন্ধ করে দেবে

**নিজস্ব প্রতিবেদক :** স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, বিএনপি ক্ষমতায় থাকতে বোমাবাজি করে মানুষ হত্যা করেছে। তাদের সময় শিক্ষার্থীদের নতুন বই দিতে পারে নাই। বিএনপি ক্ষমতায় এলে সব উন্নয়ন কাজ বন্ধ করে দেবে। গতকাল বৃহস্পতিবার দুপুরে মানিকগঞ্জের সাটুরিয়া ২-এর পাতায় দেখুন



## ইচ্ছেমতো গাছ কাটা যাবে না

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানী ঢাকাসহ সারাদেশে প্রচণ্ড গরমের জন্য নির্বিচারে গাছ কাটাকে দায়ী করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম। তিনি বলেন, একসময় এই ঢাকা ছিল গাছ-পালায় ভরপুর। মাটি ছিল উর্বর। নিজেদের স্বার্থের কথা ভাবতে গিয়ে বনভূমি উজাড় করে ফেলেছি। এখন রাস্তায় বের হলে আর আগের মতো ছায়া পাই না। বিশুদ্ধ ২-এর পাতায় দেখুন





## আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠা বার্ষিকী আজ

**নিজস্ব প্রতিবেদক :** মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশের স্বাধীনতা অর্জনে নেতৃত্বদানকারী দল বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ। দিবসটি উপলক্ষে দলটির পক্ষ থেকে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

১৯৪৯ সালের ২৩ জুন পুরনো ঢাকার ঐতিহ্যবাহী রোজ গার্ডেনে পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠার মধ্য দিয়ে এই রাজনৈতিক দলটি প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার সময় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কারাগারে আটক ছিলেন। তাঁকে যুগ্ম সাধারণ সম্পাদক করা হয়। কেন্দ্রীয়ভাবে নিখিল পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ করা হলেও পরবর্তী সময়ে অসাম্প্রদায়িক রাজনৈতিক আদর্শের অধিকতর প্রতিফলন ঘটানোর জন্য এর নাম 'আওয়ামী লীগ' করা হয়। ১৯৫৪ সালের নির্বাচনে বিজয়ের পর ১৯৫৫ সালে অনুষ্ঠিত আওয়ামী মুসলিম লীগের কাউন্সিলে দলের নাম থেকে মুসলিম শব্দটি বাদ দেয়া হয়। আর 'পূর্ব ২-এর পাতায় দেখুন

# আ.লীগের আমলেই দেশের মানুষ সব পেয়েছে : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** শত বাধা অতিক্রম করে বাংলাদেশ আওয়ামী লীগ দেশের মানুষের অধিকার আদায়ের সংগ্রাম অব্যাহত রেখেছে বলে জানিয়েছেন ক্ষমতাসীন দলটির সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেই সঙ্গে তিনি বলেছেন, দেশের মানুষ যা কিছু পেয়েছে তা আওয়ামী লীগ সরকারের আমলেই।

গতকাল বৃহস্পতিবার গণভবনে দলের কার্যনির্বাহী কমিটির সভায় তিনি এসব কথা বলেন।

বিএনপির সমালোচনা করে তিনি বলেন, বিএনপি একটি সন্ত্রাসী দল। কোর্টে এটার একটা রায় আছে। কানাডা কোর্ট কিন্তু



বিএনপিকে একটি জঙ্গিবাদী সংগঠন হিসেবেই ঘোষণা দিয়েছে। প্রধানমন্ত্রী বলেন, মানুষ যখনই স্বাধীনভাবে ভোট দিতে পেরেছে তখনই আওয়ামী লীগ জয়ী হয়েছে। সন্ত্রাসীদের কেউ ভোট দেয়নি বলেই আগুন-সন্ত্রাস করেছিল বিএনপি। সরকার প্রধান বলেন, প্রতিষ্ঠালগ্ন থেকেই আওয়ামী লীগ জনগণের জন্য কাজ করেছে। এটি একমাত্র সংগঠন, যারা মানুষের কথা বলে, মানুষের ভাগ্য পরিবর্তন করে। আওয়ামী লীগ সরকার গঠন করলেই জনগণের কল্যাণ হয়েছে। আর অন্যরা জনগণের ভোটাধিকার, মানবাধিকার কেড়ে ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় পাঁচ বছর বয়সী শিশু ধর্ষণের শিকার

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার নাস্তিপুর গ্রামে পাঁচ বছর বয়সী এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে। অভিযোগের তীর প্রতিবেশী তানভীর হোসেন (১৯) নামের এক যুবকের দিকে। বৃহস্পতিবার বেলা ১২টার দিকে তানভীরের নিজের বাড়িতে এ ঘটনা ঘটে। ধর্ষণের শিকার শিশুটিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে। অভিযুক্ত তানভীর গা ঢাকা দিয়েছে।

চুয়াডাঙ্গার পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন জানান, বৃহস্পতিবার বেলা ১২টার দিকে দামুড়হুদা উপজেলার নাস্তিপুর গ্রামের আশাফুল ইসলামের ছেলে তানভীর হোসেন ২-এর পাতায় দেখুন

## শেখ হাসিনার সামনেই শাজাহান খান-বাহাউদ্দিন নাছিমের বাহাস

**নিজস্ব প্রতিবেদক :** গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীর আগের দিন নানা কারণেই এই কার্যনির্বাহী কমিটির বৈঠক ছিল গুরুত্বপূর্ণ। আগামী জাতীয় সংসদ নির্বাচন, বিরোধী দলের আন্দোলন ইত্যাদি নিয়ে রণকৌশল নির্ধারণের জন্য এই বৈঠকটিকে বিশেষ তাৎপর্যপূর্ণ বলেই মনে করেছিলেন রাজনৈতিক পর্যবেক্ষকরা। তবে সব কিছু ছাপিয়ে বৈঠকে



আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য শাজাহান খানের সঙ্গে বাহাউদ্দিন নাছিমের বাহাস মূল আলোচনার বিষয়ে পরিণত হয়। দীর্ঘক্ষন ধরে আওয়ামী লীগের সভাপতির সামনেই এই দুই নেতা বাহাসে লিপ্ত হন।

এই তর্কযুদ্ধের সূচনা করেন অবশ্য শাজাহান খান। আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য আগে ফ্লোর নিয়ে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বাহাউদ্দিন নাছিমের বিরুদ্ধে ২-এর পাতায় দেখুন



## আওয়ামী লীগের পথ পরিক্রমা,রোজগার্ডেন থেকে গণভবন

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ ও বাংলাদেশ আওয়ামী লীগ এক ও অভিন্ন এবং বাঙালি জাতির অবিচ্ছেদ্য অংশ। আওয়ামী লীগের ইতিহাস মানে বাঙালি জাতির সংগ্রাম ও গৌরবের ইতিহাস। এ রাজনৈতিক দলটি এ দেশের সুদীর্ঘ রাজনীতি এবং বাঙালি জাতির আন্দোলন-সংগ্রামের গৌরবোজ্জ্বল ঐতিহ্যের ধারক ও বাহক।


প্রাচীন ও ঐতিহ্যবাহী দলটির নেতৃত্বেই এদেশের স্বাধীনতা অর্জিত হয়। রোজগার্ডেনে জন্মগ্রহণের পর থেকে নানা লড়াই, সংগ্রাম, চড়াই-উৎরাই পেরিয়ে দলটি এখন রাষ্ট্রীয় ক্ষমতায়।

আওয়ামী লীগের ইতিহাস থেকে জানা যায়, এ দেশের অসাম্প্রদায়িক, প্রগতিশীল ও তরুণ মুসলিম লীগ নেতাদের উদ্যোগে ১৯৪৯ সালের ২৩-২৪ জুন পুরনো ঢাকার কেএম দাস লেনের বশির সাহেবের রোজ গার্ডেনের বাসভবনে একটি রাজনৈতিক কর্মী সম্মেলনের মাধ্যমে পাকিস্তানের প্রথম বিরোধী দল পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়।

মুসলিম লীগের প্রগতিশীল নেতা-কর্মীরা সংগঠন থেকে বেরিয়ে প্রতিষ্ঠা করেন আওয়ামী মুসলিম লীগ। প্রথম সম্মেলনে সভাপতি নির্বাচিত হন মওলানা আবদুল হামিদ খান ভাসানী এবং সাধারণ সম্পাদক শামসুল হক। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন প্রথম কমিটির যুগ্ম-সম্পাদক।

১৯৬৬ সালের সম্মেলনের মধ্য দিয়ে আওয়ামী লীগের নেতৃত্বে আসেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। পরে তিনি হয়ে ওঠেন বাঙালির একচ্ছত্র নেতা। স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি ও জাতির পিতা। '৬৯-এর গণআন্দোলনের মধ্য দিয়ে পাকিস্তানি ঔপনিবেশিক শাসক-শোষক গোষ্ঠীর বিরুদ্ধে বাঙালির যে জাগরণ ও বিজয় সূচিত হয়, সেই আন্দোলনের নেতৃত্বে ছিল আওয়ামী লীগ এবং এই আন্দোলনের পথ ধরেই বাঙালি জাতি স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষে সশস্ত্র মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

১৯৭৫ সালের ১৫ আগস্টে বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা, ৩ নভেম্বর জেলখানায় জাতীয় চার নেতাকে ২-এর পাতায় দেখুন






## হরিণাকুন্ডু থানা পরিদর্শন করলেন পুলিশ সুপার আশিকুর রহমান

**মোঃ আবু সাইদ,হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডু থানা বার্ষিক পরিদর্শন করলেন মোহাম্মদ পুলিশ সুপার আশিকুর রহমান। বৃহস্পতিবার তিনি পরিদর্শন ২-এর পাতায় দেখুন

## মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২০ জন চিকিৎসকের স্থলে আছে ৬ জন, এর মধ্যেও ৩ জন থাকেন ট্রেনিং বা ছুটিতে

**নিজস্ব প্রতিবেদক :** চিকিৎসকসহ নানা সঙ্কটে চলছে ঝিনাইদহের মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। ২০ জন চিকিৎসকের পদ থাকলেও বর্তমানে পদায়ন রয়েছে ৬ জন চিকিৎসক। এর মধ্যে প্রায়ই ৩ জন থাকেন ছুটি ও ট্রেনিংয়ে। এতে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে সীমান্তবর্তী উপজেলার বাসিন্দারা।



সরেজমিনে হাসপাতাল ঘুরে দেখা যায়, উপজেলার ৪ লাখ মানুষের জন্য ৫০ শয্যার হাসপাতালটি বেহাল দশা। হাসপাতাল ভবন চাকচিক্য করা হলেও দীর্ঘদিন ধরে অকেজো হয়ে পড়ে রয়েছে আলট্রাসনোগ্রাম মেশিন। নষ্ট অবস্থায় পড়ে আছে ডেন্টাল চেয়ার। মাঝে মাঝেই নষ্ট হয়ে পড়ে সরকারি এ্যাম্বুলেন্সটি। জোড়াতালি দিয়ে চলছে চিকিৎসা সেবা কার্যক্রম। সেবা নিতে আসার রোগী ও তাদের স্বজনদের অভিযোগ প্রতিদিন উপজেলার বিভিন্ন এলাকা থেকে হাসপাতালে আগত শত-শত রোগী যথাযথ চিকিৎসা সেবা না পেয়ে ফিরে যাচ্ছেন। হাসপাতালের যন্ত্রপাতি নষ্ট থাকায় বাধ্য হয়েই তাদের অধিক টাকা খরচ করে প্রাইভেট ক্লিনিক কিংবা ডায়াগনস্টিক সেন্টারে ২-এর পাতায় দেখুন

## অবসরে যাচ্ছেন বিচারপতি রইস উদ্দিন

**নিজস্ব প্রতিবেদক :** দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি মো. রইস উদ্দিন অবসরে যাচ্ছেন। দীর্ঘ ১৯ বছরের বিচারিক জীবনের ইতি টানছেন তিনি। বিচারকের পদের মেয়াদ সম্পর্কে সংবিধানের ৯৬ (১) অনুচ্ছেদে বলা হয়েছে, এ অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোনো বিচারক ৬৭ বছর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত স্বীয় পদে বহাল থাকবেন। আগামী ৩০ জুন বিচারপতি রইস উদ্দিনের ৬৭ বছর পূর্ণ হতে যাচ্ছে। ফলে ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে মেধাবী শিক্ষার্থীদের বাইসাইকেল, অসহায় নারীদের মাঝে সেলাই মেশিনসহ নানা উপকরণ বিতরণ

**বশির আহমেদ :** বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২২-২৩ এর আওতায় ঝিনাইদহ সদর উপজেলা প্রশাসনের আয়োজনে গরীব-মেধাবী শিক্ষার্থদের বাইসাইকেল, গরিব অসহায় নারীদের মাঝে সেলাই মেশিন, ফটোকপিয়ার, বেঞ্চ,খেলাধুলার সামগ্রীসহ নানা উপকরণ ২-এর পাতায় দেখুন

## যশোরে ত্রিমুখী সংঘর্ষ, পিকআপ ড্রাইভার নিহত

**এস আর নিরব, যশোর :** যশোরে পিকআপ, ট্যাংক লরি ও ট্রাকের ত্রিমুখী সংঘর্ষ হয়েছে। এতে পিকআপ ড্রাইভার রাজীব তালুকদার (৩০) ঘটনাস্থলে নিহত হয়েছেন। বৃহস্পতিবার দুপুর একটায় যশোরের রূপদিয়া শহীদ স্মৃতি কলেজের সামনে যশোর-খুলনা মহাসড়কের বটতলা মোড়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত পিকআপ ড্রাইভার রাজীব তালুকদার বরিশালের বাবুগঞ্জের আব্দুল হাকিম তালুকদারের ছেলে। নওয়াপাড়া হাইওয়ে পুলিশের ওসি হামিদ জানান, ২-এর পাতায় দেখুন



## চুয়াডাঙ্গায় প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তাদের সাথে মতবিনিময়

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেছেন, 'জাতীয় মহিলা সংস্থা নারীদের পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে। আজকের প্রশিক্ষণার্থীরা আগামী দিনে সফল উদ্যোক্তা হয়ে সমাজে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।' বৃহস্পতিবার সকালে চুয়াডাঙ্গা সার্কিট হাউজ হলরুমে আয়োজিত জাতীয় মহিলা সংস্থা থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে চেরিশ কোম্পানির ডিপোকে ৫০ হজার টাকা জরিমানা

**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহ কালীগঞ্জে চেরিশ কোম্পানির ডিপোকে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার বেলা আড়াইটার দিকে কালীগঞ্জ গান্না রোড কৃষি অফিসের পাশে চেরিশ কোম্পানির ডিপোতে অভিযান চালিয়ে এই জরিমানা করেন কালীগঞ্জ উপজেলা সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট (ভূমি) হাবিবুল্লাহ হাবিব। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা প্রণীসম্পদ কর্তকর্তা রেজাউল করিম। দীর্ঘদিন ধরে চেরিশ কোম্পানির পশু ও মাছের খাদ্যের বস্তার গায়ে মেয়াদ উত্তীর্ণ তারিখ ও মূল্য পরিবর্তন করে ২-এর পাতায় দেখুন



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

বৃহস্পতিবার ২২ জুন ২০২৩

# রিজার্ভ ছাড়াল ৩০ বিলিয়ন ডলার

*নিজস্ব প্রতিবেদক :* দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ আবারও আবারও ৩০ বিলিয়ন ডলার অতিক্রম করেছে। বাণিজ্যিক ব্যাংকগুলোতেও ডলার সংকট কাটছে। ডলার সংকটে অতীতে এলসি খুলতে আরোপ করা কড়াকড়ি শিথিল করতে শুরু করছে বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ ব্যাংকের সহকারী মুখপাত্র সরোয়ার হোসেন বলেন, চলতি মাসে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি পাওয়ার কারণে রিজার্ভ বেড়েছে। বাণিজ্যিক ব্যাংকগুলোর কাছেও প্রায় আড়াই বিলিয়ন ডলার মার্কিন ডলার রয়েছে। ব্যাংকগুলো এখন এলসি খোলার ক্ষেত্রে ভালো অবস্থায় আছে। কিছুদিন আগেও যে সমস্যা ছিল, এখন আর সেই অবস্থায় নেই। পরিস্থিতির আরও উন্নতি হবে। মার্চ ও এপ্রিল দুই মাসের এশিয়া ক্লিয়ারিং হাউজের ১ দশমিক ২ বিলিয়ন ডলার আমদানি ব্যয় মেটানোর পর বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২৯ ডলারে নেমে আসে। মঙ্গলবার রিজার্ভের পরিমাণ ছিল ২৯ দশমিক ৯৫ বিলিয়ন ডলার। সম্প্রতি এশীয় উন্নয়ন ব্যাংকের ৪০০ মিলিয়ন ডলার বাজেট সহায়তা যোগ হওয়ার ফলে বিরাজার্ভের পরিমাণ বৃদ্ধি পায়। একটি বাণিজ্যিক ব্যাংকের প্রধান নির্বাহী বলেন, বাণিজ্যিক ব্যাংকগুলোর এলসি খোলার ক্ষেত্রে যে চাপে ছিল, এখন আর সেই চাপ নেই। ফলে ডলারের অভাবে এলসি খোলা হচ্ছে না, এমন ঘটনা আর ঘটবে না আশা করছি। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, জুন মাসের ১৬ দিনে দেশে প্রবাসী আয় এসেছে ১ দশমিক ৬৯১ বিলিয়ন ডলার। এ প্রবাসী আয় আগের মাস মে এবং আগের বছর জুনের চেয়ে বেশি। মে মাসে প্রবাসীরা পাঠিয়েছিলেন ১ দশমিক ৬৮৪ বিলিয়ন ডলার। আর আগের বছর ২০২২ সালের জুন মাসে প্রবাসীরা পাঠিয়েছিলেন ১ দশমিক ৮৩৭ বিলিয়ন ডলার। ঈদুল আজহাকে সামনে করে প্রবাসী আয় বাড়ছে বলে মনে করছেন কেউ কেউ। প্রবাসী আয় ব্যাংকিং চ্যানেলে পাঠাতে ডলারের বিপরীতে টাকা বৃদ্ধি ও প্রণোদনার কারণে বেশি প্রবাসী আয় আসছে বলে মনে করছেন ব্যাংক সংশ্লিষ্টরা। ফলে ঈদের পরও প্রবাসী আয়ের ইতিবাচক ২-এর পাতায় দেখুন



## যশোরে নির্মার্ণাধীন বিদ্যুৎ উপকেন্দ্রের দ্বিতীয়তলা ছাদ ধসে পড়ে ৯ শ্রমিক আহত

**এস আর নিরব, যশোর :** যশোর সদর উপজেলার খোলাডাঙ্গা এলাকায় বিদ্যুৎ উপকেন্দ্রের দ্বিতীয়তলা নির্মাণাধীন একটি ভবনের ছাদ ঢালাইয়ের কাজ চলাকালীন সময়ে সেটি ধ্বসে পড়ে ৯ জন শ্রমিক আহত হয়েছেন। ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) খুলনার আওতায় যশোর বিদ্যুৎ উপকেন্দ্রের জন্য এ ভবনটি তৈরি করা হচ্ছিল। এর নির্মাণকাজ করছে ঢাকার আইডিয়াল ইলেক্ট্রিক্যাল এন্টারপ্রাইজ নামের একটি প্রতিষ্ঠান। বৃহস্পতিবার জুন দুপুর পৌনে ১২ টার দিকে শহরতলী ধর্মতলা কারবালা এলাকায় এ ঘটনা ২-এর পাতায় দেখুন

## কোটচাঁদপুরে আদম দালাল ইসমাইলের জামাই পাচারের লোমহর্ষক পরিকল্পনায় আদালতে মামলা

**বাবলু মিয়া :** ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদারপুর ইউনিয়নের কন্যানগর গ্রামের মোঃ ইসমাইল হোসেন (৪৫) এর লোমহর্ষক পরিকল্পনায় মধ্যযোগীয় বর্বরোচিত কর্মকান্ডর ও হারমানিয়েছে। ইসমাইল হোসেন সাফদারপুর ইউনিয়নের কন্যানগর গ্রামের মৃত আব্দুল মালেকের ছেলে।






অনুসন্ধানে বেরিয়ে আসে লোমহর্ষক কর্মকান্ডর সব তথ্য,আদম দালাল মোঃ ইসমাইল হোসেন বিদেশে প্রতারণা করে লোক পাঠায়। অনেক বেতনের প্রলোভন দেখিয়ে সরকারি খরচের চেয়ে অনেক মূল্যে সহজ সরল মানুষের সরল বিশ্বাসের সুযোগে অধিক পরিমাণের অর্থ হাতিয়ে নিয়ে বিদেশে পাঠানো তার কাজ। এভাবেই সর্ব শান্ত করে চলেছে এই আদম দালাল, তিন জন কে ১৫ লক্ষ টাকা নিয়ে মালায়েশিয়া যে কাজের কথা বলে পাঠানো হয়েছে অধিক মূল্য নিয়ে সরজমিনে তারা যেয়ে তাদের সেই কাজ আর সেই বেতন পায়না। এভাবেই প্রতারনা করে ২-এর পাতায় দেখুন

## শৈলকুপার বগুড়া ইউনিয়নে VWB এর চাল বিতরন

**সাকিবুল হাসান অন্তর :** ঝিনাইদহের শৈলকুপার বগুড়া ইউনিয়নে VWB এর চাল বিতরন করা হয়েছে। বৃহস্পতিবার বগুড়া ইউনিয়ন পরিষদে এ চাল বিতরন করা হয়। চাল বিতরন করেন বগুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল। ১৪২ জন VWB কার্ড ধারিদের মাঝে ৩০ কেজি করে চাল প্রদান করা হয়।

## ৯৯ বারের মত পেছাল সাগর-রুনি হত্যা মামলার প্রতিবেদন

**নিজস্ব প্রতিবেদক :** সাংবাদিক দম্পতি সাগর সারোয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার তারিখ ৯৯ বারের মতো পেছাল। আগামী ৭ আগস্ট প্রতিবেদন দাখিলের পরবর্তী দিন ধার্য করেছেন আদালত। গতকাল বৃহস্পতিবার মামলাটির তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য দিন ধার্য ছিল। কিন্তু এ দিন মামলার তদন্ত সংস্থা র‌্যাব প্রতিবেদন দাখিল করেনি। এজন্য ঢাকার মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট শফি উদ্দিনের আদালত প্রতিবেদন দাখিলের নতুন এ তারিখ ঠিক করেন।

আদালতের শেরে বাংলা থানার সাধারণ নিবন্ধন কর্মকর্তা জালাল উদ্দীন বিষয়টি জানিয়েছেন। আলোচিত এ হত্যা মামলায় রুনির বন্ধু তানভীর রহমানসহ মোট আসামি আটজন। অন্য আসামিরা হলেন বাড়ির নিরাপত্তারক্ষী এনাম আহমেদ ওরফে হুমায়ুন কবির, রফিকুল ইসলাম, বকুল মিয়া, মিন্টু ওরফে বারগিরা মিন্টু ওরফে মাসুম মিন্টু, কামরুল হাসান অরুণ, পলাশ রুদ্র পাল ও আবু সাঈদ। আসামিদের প্রত্যেককে একাধিকবার রিমান্ডে নেওয়া হলেও তাদের কেউই স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেননি। ২০১২ সালের ১১ ফেব্রুয়ারি রাতে ২-এর পাতায় দেখুন

## স্বামীকে কুপিয়ে হত্যা ৯৯৯-এ ফোন করে আত্মসমর্পণ স্ত্রীর

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর মোহাম্মদপুরে রায়েরবাজারের ক্যান্সার গলিতে পারিবারিক কলহের জেরে স্ত্রীর দায়ের কোপে শামীম মিয়া (৪০) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। গতকাল বৃহস্পতিবার (২২ জুন) ভোর রাতের দিকে এই ঘটনা ঘটে।

পরে ৯৯৯-এ ফোন করে স্ত্রী বানু বেগম (৩২) আত্মসমর্পণ করেছেন। মোহাম্মদপুর থানার পরিদর্শক (তদন্ত) কামরুজ্জামান বলেন, ২-এর পাতায় দেখুন



## ইসলামী ব্যাংকের ৪০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর ৪০তম বার্ষিক সাধারণ সভা ২২ জুন ২০২৩, বৃহস্পতিবার ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। ব্যাংকের পরিচালনা পর্ষদের ভাইস চেয়ারম্যান ডা. তানভীর আহমেদ এতে সভাপতিত্ব করেন। ব্যাংকের ভাইস চেয়ারম্যান সৌদি আরবের ইউসিফ আব্দুল্লাহ আল-রাজী, পরিচালক ও আইডিবি-র প্রতিনিধি ড. আরিফ সুলেমানসহ অন্যান্য পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মুহাম্মদ মুনিরুল মওলা, শরী'আহ ২-এর পাতায় দেখুন

## চীনে কয়লা খনি ধসে ৫৩ জন নিহত

**নিজস্ব প্রতিবেদক :** চীনের উত্তরাঞ্চলীয় ইনার মঙ্গোলিয়ায় ফেব্রুয়ারিতে একটি কয়লা খনির আংশিক ধসে পড়ার ঘটনায় দেশটি ৫৩ জনের মৃত্যুর খবর নিশ্চিত করেছে। রাষ্ট্রীয় গণমাধ্যম এ কথা জানিয়েছে। খবর এএফপি'র।

খবরে বলা হয়, দুর্গম আলক্সা লিগের উন্মুক্ত এ কয়লা খনিতে ধসের ওই ঘটনায় অনেক মানুষ নিখোঁজ হয়েছিল।

এ দুর্ঘটনার পর উদ্ধারকর্মীরা প্রাথমিকভাবে ধ্বংসস্তুপের ভিতর থেকে ছয়জনকে জীবিত ও ছয়জনকে মৃত অবস্থায় উদ্ধার করলেও কর্তৃপক্ষ কয়েকমাস ধরে এ ব্যাপারে আর কোন তথ্য জানায়নি। রাষ্ট্রীয় সম্প্রচার কেন্দ্র সিসিটিভি বুধবার জানায়, সেখানে খনি ধসের পর নিখোঁজ হিসেবে দেখানো ৪৭ জনের ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে ঈদগাহ নির্মানে ব্যাপক অনিয়ম দুর্নীতির অভিযোগ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ঈদগাহ নির্মানে ব্যাপক অনিয়ম দূর্নীতির অভিযোগ উঠেছে ঠিকাদারের বিরুদ্ধে। খোঁজ নিয়ে জানাযায়, ঝিনাইদহ পৌরএলাকার ভুটিয়ারগাতি এতিমখানার মাদ্রাসার মাঠে এলজিইডির অর্থায়নে একটি ঈদগাহ নির্মানের জন্য ১৪ লক্ষ টাকার টেন্ডার হয়।কাজটি পান ঠিকাদার আসাদ। ১৬ মিলিমিটার রড দিয়ে কাজ করার কথা থাকলেও তিনি ১২ মিলিমিটার রড ও নিন্মমানের ইট বালি দিয়ে ঈদগাহ নির্মানের কাজ শুরু করেন। নিয়ম নিতি উপেক্ষা করে ঈদগাহ নির্মানের কাজ শুরু করলে গ্রামবাসীর বাঁধার মুখে কাজটি বন্ধ করতে বাধ্য হন তিনি।



নাম প্রকাশে অনিচ্ছুক ভুটিয়ারগাতি গ্রামের জনৈক ব্যাক্তি বলেন, এ ধরণের জঘন্য কাজ ঠিকাদারের আদৌ করা উচিৎ হয়নি। আমরা তার শাস্তি দাবী করছি।

অভিযুক্ত ঠিকাদার আসাদুর রহমান এর সাথে একাধিক বার তার মোবাইল ফোনে কল করলেও তিনি ফোন রিসিভ করেননি।

এ বিষয়ে সদর উপজেলা প্রকৌশলী আহসান হাবিব বলেন, ঘটনাটি আমি লোকমুখে শুনেছি কাজে অনিয়ম করা হচ্ছে । বিস্তারিত ফাইল না দেখে বলতে পারবো না।

এ ব্যাপারে এলজিডির নির্বাহী প্রকৌশলী মনোয়ার উদ্দিন বলেন, ঘটনাটি আমি শুনেছি এবং ঠিকাদারকে ডেকে কাজ বন্ধ করার নির্দেশ দিয়েছি। বর্তমানে কাজটি বন্ধ রয়েছে। পূনরায় নির্মান কাজটি নতুন করে করতে হবে।



## কালীগঞ্জে চক্ষু শিবির অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জে চক্ষু শিবির অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার কালীগঞ্জ পৌরসভাধীন চাপালী গ্রামে দিনব্যাপী এ চক্ষু শিবির অনুষ্ঠিত হয়। কালীগঞ্জের ঐতিহ্যবাহি চাপালী যুব সংঘের উদ্যোগে ও ব্রাকের সহযোগিতায় এ আই কাম্প অনুষ্ঠিত হয়। চক্ষু শিবিরের উদ্বোধন করেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ। এ সময় উপস্থিত ছিলেন, পৌর কাউন্সিলর রাশেদুল হক রিগান, চাপালী যুব সংঘের সভাপতি ও প্রথম আলো পত্রিকার নিজস্ব প্রতিবেদক আজাদ রহমান, যুব সংঘের সাধারণ সম্পাদক আব্দুর রহিম, ব্রাকের রিলেশন অফিসার মিজানুর রহমান, সমাজ সেবক তবিবুর রহমান মিনি ও নজরুল ইসলামসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ। চক্ষু শিবিরে খুলনার শিরোমনির চক্ষু হাসপাতালের চিকিৎসক ব্রিনতা সাহা ও ডাক্তার সৌরভ রোগী দেখেন। অনুষ্ঠানের অর্থায়ন করেন সাইটসেভার্স নামে একটি বেসরকরী ২-এর পাতায় দেখুন

## পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহের বিভিন্ন ইউনিয়ন পরিষদে অসহায় দরিদ্রদের মাঝে ভি জি এফ এর চাউল বিতরন



**ময়না খাতুন,ঝিনাইদহ :** পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহের বিভিন্ন ইউনিয়ন পরিষদে অসহায় দরিদ্রদের মাঝে ভি জি এফ এর চাউল বিতরন করা হয়েছে। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বৃহস্পতিবার সকালে ঝিনাইদহের সুরাট ইউনিয়ন পরিষদে অসহায় দরিদ্রদের মাঝে ভি জি এফ এর চাউল বিতরন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে । চাউল বিতরন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চেয়ারম্যান আশরাফ হোসেন,ট্যাগ অফিসার শাহিনুর রহমান , সাংবাদিক সাজ্জাদ আহমেদ, সচিব লুৎফা খাতুন, সাংবাদিক এবং গন্যমান্য ব্যাক্তিবর্গ। ইউপি চেয়ারম্যান আশরাফ হোসেন জানান, ইউনিয়নের ৯ টি ওয়ার্ডের ১১৪৯ জন উপকার ভোগীদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে।

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহের ফুরসন্ধি ইউনিয়ন পরিষদে অসহায় দরিদ্রদের মাঝে ভি জি এফ এর চাউল বিতরন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে । চাউল বিতরন অনুষ্ঠানে উপস্থিত ২-এর পাতায় দেখুন




## মহেশপুরে রচনা ও বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠিত

**মো ঃ আজাদ :** ঝিনাইদহের মহেশপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় চত্তরে বৃহস্পতিবার দিন ব্যাপী উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে রচনা ও বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। রচনা ও বির্তক প্রতিযোগিতায় মহেশপুরের ৯টি স্কুল ও মাদ্রাসার ২০০ ছাত্র-ছাত্রী অংশ গ্রহন করে। পরে বিকালে রচনা ও বির্তক প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সদস্য সচিব আবুল হোসেন লিটনের সভাপতিত্বে অনুষ্ঠিত রচনা ও বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশী। রচনা ও বির্তক প্রতিযোগিতা ২-এর পাতায় দেখুন

## ১০ লাখের বেশি ক্ষুদ্র কৃষকের সুবিধায় দেওয়া হবে ৩৮৯ কোটি

**নিজস্ব প্রতিবেদক :** দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে কৃষি উৎপাদন ব্যবস্থার রূপান্তর এবং ১০ লাখের বেশি ক্ষুদ্র কৃষকের সুবিধায় প্রায় ৩৮৯ কোটি টাকার (৩৫ মিলিয়ন ডলার) একটি প্রকল্প চালু করেছে কৃষি মন্ত্রণালয় ও যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা ইন্টারন্যাশনাল ফার্টিলাইজার ডেভেলপমেন্ট সেন্টার (আইএফডিসি)। গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) মিলনায়তনে 'ফিড দ্য ফিউচার বাংলাদেশ ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার অ্যাক্টিভিটি (সিএসএ)' শীর্ষক পাঁচ বছর (২০২০-২০২৮) মেয়াদি এ প্রকল্প উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে কৃষি সচিব ওয়াহিদা আক্তার প্রধান অতিথি এবং আইফিডিসির প্রেসিডেন্ট ও সিইও হেংক ফান রেইন, ইউএসএআইডির ইকোনমিক গ্রোথ অফিসের পরিচালক মুহাম্মদ যান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ারের সভাপতিত্বে এতে স্বাগত দেন সিএসএ অ্যাক্টিভিটি চিফ অব পার্টি ইশরাত জাহান। এসময় বক্তারা বলেন, এমন এক সময়ে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে, যখন জলবায়ু পরিবর্তনসহ চালের দাম নিয়ে চ্যালেঞ্জ তৈরি হয়েছে। করোনাভাইরাস মহামারি এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে সরবরাহ ব্যবস্থা বাধাগ্রস্ত হওয়ায় পরিস্থিতি আরও খারাপ হয়েছে। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলার ক্ষুদ্র কৃষকরা অধিক মাত্রায় ঝুঁকি মোকাবিলা করছেন। এ প্রকল্পের আওতায় ২-এর পাতায় দেখুন






## জলবায়ু পরিকল্পনা বাস্তবায়নে ২৭ বছরে প্রয়োজন ২৩০ বিলিয়ন ডলার

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ও পরিবেশ আন্দোলনের (বাপা) সহ-সভাপতি ড. আতিউর রহমান বলেছেন, জলবায়ু চ্যালেঞ্জের শিকার ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠির জীবন ও জীবিকা সংরক্ষণ এবং সুনির্দিষ্ট প্রকল্প ও কর্মসূচিতে আগামী ২৭ বছরে ২৩০ বিলিয়ন ডলার বিনিয়োগের দরকার হবে। গতকাল বৃহস্পতিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে বাপার আয়োজিত 'বাজেটে পরিবেশ, বন ও জলবায়ু খাত: বরাদ্দ বিশ্লেষণ ও আগামীর পথনকশা' শীর্ষক আলোচনা সভায় একথা বলেন তিনি। তিনি বলেন, 'মুজিব ক্লাইমেট প্রসপারিটি প্ল্যান', বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনাসহ অনেকগুলো সুদূরপ্রসারী পরিকল্পনা হাতে রয়েছে। এসব পরিকল্পনার আলোকে আমরা সুনির্দিষ্ট প্রকল্প ও কর্মসূচিতে বিশ্ব জলবায়ু তহবিল ও অন্যান্য অন্তর্জাতিক তহবিল থেক বাড়তি অর্থায়ন চাই। আমরা জলবায়ুর আঘাতে সবচেয়ে বিপর্যস্ত এক দেশ। আমরা যে জাতীয় অভিযোজন পরিকল্পনা করেছি তাতে আগামী ২-এর পাতায় দেখুন



## সৌদি পৌঁছেছেন ১ লাখ ১২ হাজার ৬৩৬ হজ যাত্রী

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ থেকে গত বুধবার পর্যন্ত ১ লাখ ১২ হাজার ৬৩৬ জন হজযাত্রী সৌদি আরবে পৌঁছেছেন। গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ থেকে শেষ হচ্ছে হজ ফ্লাইট। পবিত্র হজ অনুষ্ঠিত হবে ২৭ জুন। অন্যদিকে সৌদি আরবে ২৩ জন বাংলাদেশি হজযাত্রী ইন্তেকাল করেছেন। তাদের মধ্যে পুরুষ ২০ জন ও নারী ৩ জন। এবার সরকারি ব্যবস্থাপনার ১০ হাজার ১২৫ জন হজযাত্রী সৌদি আরবে গিয়েছেন। বেসরকারি ব্যবস্থাপনায় সৌদি আরবে গিয়েছেন ১ লাখ ২ হাজার ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : *আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)* সম্পাদক ও প্রকাশক : *আলী কদর পলাশ,* ভারপ্রাপ্ত সম্পাদক : *তানভীর হাসান (জিসান হাই)*,ব্যবস্থাপনা সম্পাদক : *আশরাফুল আলম চঞ্চল,* নির্বাহী সম্পাদক : *তুহিন আরণ্য*
*সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ* কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। *ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।* । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ *বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮*




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# কোরবানীর পশুর হাট হোক বিড়ম্বনাহীন

প্রাণিসম্পদ খাতে সরকারের প্রচেষ্টা এবং খামারি ও গবেষকদের অবদানের জন্যই আজ বাংলাদেশে কোরবানির পশুর জন্য পরনির্ভরশীলতা কমে এসেছে, এমনকি গত কয়েক বছর ধরে কোরবানির পশু উদ্বৃত্ত থাকছে। ২০১৪ সালের পশু সংকটের পর বাংলাদেশ সরকার এবং খামারিরা উপলব্ধি করেন, দেশের ভেতরেই গবাদিপশুর সংখ্যা বাড়াতে হবে। মন্ত্রণালয়ের তথ্যমতে, এ বছর কোরবানির জন্য ১ কোটি ২৫ লাখ ৩৬ হাজার ৩৩৩টি পশু প্রস্তুত রয়েছে। এ বছর কোরবানির জন্য প্রয়োজন হবে ১ কোটি ৩ লাখ ৯৪ হাজার ৭৩৯টি পশু। চলতি বছর কোরবানির পশু উদ্বৃত্ত থাকবে ২১ লাখ ৪১ হাজার ৫৯৪টি। কিন্তু কোরবানিযোগ্য পর্যাপ্ত পশু থাকলেও একশ্রেণীর অসাধু, অতিমুনাফালোভী কারবারি নানাভাবে পশুর কৃত্রিম সংকট তৈরি করে ব্যক্তি স্বার্থ হাসিল করে। এতে করে ভোক্তা পর্যায়ের সাধারণ মানুষ নানা ভোগান্তির শিকার হয়। অন্যদিকে সাধারণ ছোট ছোট খামারিরাও ক্ষতির সম্মুখীন হন। এসব ক্ষতির হাত থেকে খামারিদের রক্ষা করতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় নানা উদ্যোগ গ্রহণ করেছে। এসব উদ্যোগের একটি হলো অন্যান্য বছরের মতো এবারও রেলে কোরবানির পশু পরিবহন করা হবে। যে অঞ্চলে গবাদি পশুর উৎপাদন বেশি, সেই অঞ্চল থেকে যে অঞ্চলে উৎপাদন কম সেই অঞ্চলে রেলের মাধ্যমে পশু পরিবহন করা যাবে। এক্ষেত্রে রেল কম খরচে পশু পরিবহনের সুযোগ করে দেবে। ভোক্তা পর্যায়ে একজন সাধারণ মানুষ কীভাবে সুস্থ ও অসুস্থ গরু চিনতে পারবে, সে ব্যাপারে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের বিভিন্ন বার্তা প্রদান করতে হবে। এসব বার্তার মাধ্যমে কোরবানির পশুর হাটে একজন ক্রেতা সহজেই বুঝতে পারবেন গরুটি সুস্থ নাকি অসুস্থ। সরকারি নির্দেশনা রয়েছে, কেউ খামারে পশু বিক্রি করলে তার কাছ থেকে হাসিল আদায় করা যাবে না। কোনো খামারি নিজ বাড়ি থেকে পশু বিক্রি করলেও তাকে হাসিল দিতে হবে না। হাটে আনার পথে কেউ পশু বিক্রি করলে তার কাছ থেকে ইজারাদার জোর করে চাঁদা বা হাসিল আদায় করতে পাবেন না। পশুর যেন কৃত্রিম সংকট না হয়, সে জন্য হাটে আনার পথে, বাড়িতেও পশু বিক্রি করা যাবে। হাটে পশু বিক্রেতা ও ক্রেতারা উভয়েই আরেকটি বিড়ম্বনা স্বীকার হন বিভিন্ন অসাধু চক্রের কারনে। কিছু চক্র আছে যারা জাল নোট নানা কায়দায় ছড়িয়ে দেয়। হাটে এসব চক্রের সদস্যরা সক্রিয় থাকে। তাই আইনশৃঙ্খলা বাহিনীসহ সকলকে সচেতন থাকতে হবে। সারাদেশের অনুমোদিত কোরবানির পশুর হাটে জাল নোট শনাক্তের বুথ বসানোর নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। তবে দেশের প্রতিটি পশুর হাটে এ ব্যবস্থা নিশ্চিত করার উদ্যোগ নিতে হবে বাংলাদেশ ব্যাংককে। এতে অনেকটাই স্বস্তি পাবে ক্রেতা-বিক্রেতারা। পশুর হাটে কমে যাবে অসাধু চক্রের স্বীকার নানা বিড়ম্বনা।

## হরিণাকুন্ডু থানা পরিদর্শন করলেন

করেন। এসময় উপস্থিত ছিলেন শৈলকুপা সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার অমিত কুমার বর্মন, ঝিনাইদহ, হরিণাকুন্ডু অফিসার ইনচার্জ আবু আজিফসহ থানার অন্যান্য অফিসারসবৃন্দ। পরিদর্শন শেষে পুলিশ সুপার অফিসার ও ফোর্সদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

## মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

গিয়ে আল্ট্রাসনোসহ বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করতে হচ্ছে। এতে ভোগান্তি বেড়েছে রোগীদের।
উপজেলা সামন্তা গ্রামের ওবাইদুল হক বলেন, আমি আমার মেয়েকে হাসপাতালে ভর্তি করিয়েছে। আজ দুইদিন হলো ঠিক মত চিকিৎসক আসেন না। দিনে একবার কোনমত দেখে চবে ক্রিল যান। এভাবে সেবা দিলে রোগী সুস্থ হবে কি করে। হাসাপাতালে এসে ভোগান্তি আরও বাড়ছে।
খালিশপুর গ্রামের রাহেলা খাতুন বলেন, আমার ছেলের পেটের ব্যাথার জন্য হাসপাতালে এনেছি। ভর্তি করার পর নার্সরা কাগজে টেস্ট লিখে দিলো। এখন বাইরে থেকে করাতে যাচ্ছি। হাসপাতালে নাকি এসব টেস্ট করা হয় না। হাসপাতালে করা হলে আমাদের বাড়তি এই টাকাটা লাগত না।
হাসপাতালের আউটডোরে চিকিৎসা নিতে আসা আসিফ নামের এক নরোগী বলেন, এখানে একটু সিরিয়ার কোন রুগী আসলে যশোর বা ঝিনাইদহ রেফার্ড করে দেয়। ভালো কেন সেবা এখানে পাওয়া যায় না। আর দেবেই বা কি করে। ৬ জন ডাক্তারের ৩ জনই প্রায় থাকে না। আউটডোর দেখবে নাকি ভর্তি রোগী দেখবে।
এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন ডা: শুভ্রা রানী দেবনাথ বলেন, প্রতিদিন গড়ে হাসপাতালের অন্ত:বিভাগ ও বর্হিবিভাগে সাড়ে ৩'শ থেকে ৪ রোগীকে চিকিৎসা দেওয়া হয়। চিকিৎসকসহ কিছু জনবল সংকট আমাদের আছে। এর মাঝেও আমরা সবোর্চ্চ সেবা দেওয়ার চেস্টা করি। হাসপাতালে যে সংকটগুলো আছে তা উর্দ্ধতন কর্মকর্তাদের জানানো হয়েছে। পর্যায়ক্রমে এসব সমস্যার সমাধান হবে বলে তারা আশ্বাস দিয়েছেন।

## ঝিনাইদহে মেধাবী শিক্ষার্থীদের

বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলা চত্বরে এ উপকরণ বিতরণ করা হয়। অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এডভোকেট আব্দুর রশিদ, সহকারী কমিশনার (ভুমি) শারমিন আক্তার সুমি, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত।
অনুষ্ঠান শেষে মেধাবী শিক্ষার্থীদের মাঝে ৪১ বাইসাইকেল, নারীদের মাঝে ৪১ সেলাই মেশিন, প্রতিবন্ধী ১০ জনের হুইলচেয়ার, ৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে ফটোকপি মেশিন, ১০ টি স্প্রে মেশিন, ৪৪ জোড়া বেঞ্চসহ স্কুল ব্যাগ, খেলার সামগ্রী বিতরণ করা হয়।

## কালীগঞ্জে চেরিশ কোম্পানির

ডিপো থেকে নিজেরাই ইচ্ছেমত সিল বসিয়ে চাষীদের কাছে বিক্রি করে আসছিলো এমন অভিযোগের সত্যতা মেলে। সেখান থেকে লেটার সিল ও তারপিন উদ্ধার করাহয়। তারই ভিত্তিতে ভ্রাম্যমাণ আদালত চেরিশ কোম্পানির ডিপো ইনচার্জ প্রশান্ত কুমারকে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করেন। এ সময় কালীগঞ্জ থানার এসআই ফেরদৌসসহ সঙ্গীয় ফোর্স ইপস্থিত ছিলেন।
কালীগঞ্জ উপজেলা সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট (ভূমি) হাবিবুল্লাহ হাবিব জানান, বস্তার গায়ে মেয়াদ উত্তীর্ণ তারিখ ও মূল্য পরিবর্তন করে ডিপো থেকে নিজেরাই ইচ্ছেমত সিল বসিয়ে চাষীদের কাছে বিক্রি করে আসছিলো এমন অপরাধের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। এমন অভিযান অব্যহত থাকবে।

## চুয়াডাঙ্গায় প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তাদের

উদ্যোক্তাদের সাথে মতবিনিময় এবং প্রশিক্ষণার্থীদের ভাতার চেক বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।
জাতীয় মহিলা সংস্থা চুয়াডাঙ্গা জেলা শাখা এ অনুষ্ঠানের আয়োজন করে। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক ও চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সংস্থার চেয়ারম্যান মোছা. নাবিলা রুখসানা। অনুষ্ঠানে জাতীয় মহিলা সংস্থা থেকে ৫টি ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত ২৫০ নারীকে ৩০ লাখ টাকার ভাতার চেক প্রদান করা হয়। শেষে অতিথিরা উদ্যোক্তাদের তৈরি বিভিন্ন উপকরণ পরিদর্শন করেন।

## যশোরে নিমার্ণাধীন বিদ্যুৎ উপকেন্দ্রের

ঘটে। ঘটনাস্থলে কর্মরত শ্রমিকরা জানান, নির্মাণাধীন ভবনের ছাদের বিম ঢালাইয়ের শেষ পর্যায়ে আজ দুপুর সাড়ে ১২টার দিকে হঠাৎ ধ্বসে পড়ে। এতে ৯ জন আহত হন। তাদেরকে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। ছাদের নীচে কেউ আটকে পড়েছে কি না তা বোঝা যাচ্ছে না। খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে যান। আহত শ্রমিকরা হলেন ঝিকরগাছার কায়েমকোলা গ্রামের তরিকুল ইসলাম (৪৫), হাফিজুর রহমান (৫০), চৌগাছার খোকন মোল-া (৩৭), সদরের দত্তপাড়ার মমিনুল (২৭), আকিদুল (৩৫), শিমুল (২৮), মাহিদিয়ার আবদুল হাই (২৮), দিয়াপাড়ার ইলয়াস (৪৫), ও মনিরামপুরের পলাশী গ্রামের ইমান আলী (৫০)।
এ বিষয়ে যশোর সেনানিবাস ফায়ার স্টেশনের সিনিয়র স্টেশন ম্যানেজার নাহিদ মাহমুদ ঘটনাস্থল থেকে জানান, খবর পেয়ে তারা ঘটনাস্থলে এসেছেন। কেউ ভেতরে আটকে আছেন কি না তা খুজে দেখা হচ্ছে। ওজোপাডিকো যশোরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ইখতিয়ার উদ্দিন বলেন, এটি ওজোপাডিকো ঝিনাইদহের একটি প্রজেক্টের কাজ। ধ্বসে পড়ার খবর তারা পেয়েছেন এবং খোঁজ খবর নিচ্ছেন। যশোর অতিরিক্ত পুলিশ সুপার "ক" সার্কেল জুয়েল ইমরান বলেন, ৯জনকে হাসপাতালে ভতি করা হয়েছে। ফায়ার সাভিসের ২টি ইউটিন কাজ করছে। তদন্ত চলছে।

## কোটচাঁদপুরে আদম দালাল

চলেছেন এই আদম দালাল ইসমাইল হোসেন।
এবার ভোল পাল্টে শুরু করেন অন্যরকম প্রতারনার ফাঁদ। বেরিয়ে আসে তার অপকম্মের লোমহষর্ক বর্ণনা কোটচাঁদপুর উপজেলার তালসার গ্রামের মোঃ আবুল কাসেম (৪৫) মিস্তিরির ছেলে হাফেজ মোঃ জাফরের সাথে নগদ ১০ হাজার টাকা দেনমোহর এ গত তিন বছর পূর্বে বিবাহ হয় ইসমাইলের বড় কন্যা মোছাঃ শিউলি আক্তারের সাথে। বিবাহিত জীবন তাদের সুন্দর ভাবেই চলতে থাকে। গত ১৯ইজুন তালসার জামাই বাড়িতে ঈদ উপলক্ষে মেয়ে নিতে আসেন ইসমাইল হোসেন সহ তিন জন। দুপুরে খাওয়া দাওয়া শেষ করে,জামাই হাফেজ আবু জাফর ও তার বোনায় সহ কন্যা শিউলি আক্তারের সাথে নিয়ে যায় কন্যানগর ইসমাইল হোসেন এর বাড়িতে। রাতে খাবার খাওয়া শেষ করে ঘরে ঘুমিয়ে পড়েন হাফেজ আবু জাফর ও তার বোনায় আলমগীর। রাতে তাদের ঘরে ঢুকিয়ে দিয়ে বাহির থেকে লক করে দেয় দরজা বুঝতে পারেনি তাদের কে নিয়ে সারারাত চক্রান্তের নীল নকশা তৈরি করছে ইসমাইল হোসেন ও তার সাজানো গোছানো বাহিনী। ফজরের নামাজের সময় নামাজ পড়তে দরজা খুলতে গেলে বাহির থেকে লক করা। বাহির থেকে দরজা লক করা দেখে আবু জাফর তার ঢাকায় থাকা ফুফু কে ফোন দেয় যে কাজী এনে জোরপূর্বক ১০ লক্ষ টাকার দেনমোহরে সই করতে বলছে,আমাদের বাঁচা। সই করতে আবু জাফর অরাজি হলে,মোবাইল কেড়ে শুরু হয় শারীরিক নির্যাতন বেধড়ক মারপিট ভোর বেলা ইসমাইল ও তার বাহিনী নিয়ে চলে জান,দোড়া ইউনিয়নের কাজি মোঃ সাইদুর রহমান এর বাড়িতে জোরপূর্বক ১০ লাখ টাকার দেনমোহরে সই করতে বলে,কাজি সাইদুর রহমান।
আবু জাফর কাজি সাইদুর রহমান্নকে বলেন,আমার একবার ইসলামিক শরীয়ত মোতাবেক বিবাহ হয়েছে আবার কিসের বিয়ে আমার বাড়ি থেকে গার্জিয়ান আসলে আমি সই করবো তার আগে না। ১০ লাখ টাকার দেনমোহরে সই না করাতে কাজি সাইদুর রহমান আবু জাফর কে বিভিন্ন অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং ইসমাঈল্লকে বলেন এদেরকে বাসায় নিয়ে ঘরের ভিতর আটকে রেখে বেধড়ক মারপিট করেন সই অবশ্যই দিবে। পরে সাইদুর রহমান কাজির বাড়ি ফেরার পথে সাফদারপুর ফাঁড়ির অপজিট রাস্তায় দাড়ান করে জঙ্গলের ভিতরে মারার পরিকল্পনা করে। পাশে কৃষকরা কাজ করা অবস্থায় ছুটে আসলে মারতে না পেরে আবু জাফর ও আলমগীরকে নিয়ে চলে যায়। তারপর জাফরের ফুফু বিউটি খাতুন ঢাকা থেকে জাফরের আব্বাকে বলে ছেলে ও তোমার জামাই কে উদ্ধার করো পুলিশের মাধ্যমে এতক্ষণে দুই জন কে মনে হয় মেরে ফেলার চক্রান্ত করছে। শিউলির আব্বা ইসমাইল।
পরক্ষণেই কোটচাঁদপুর মডেল থানায় ছেলে ও জামাই কে উদ্ধার করতে অভিযোগ দায়ের করেন। কোটচাঁদপুর মডেল থানা সাফদারপুর পুলিশ ক্যাম্প্পকে ভিকটিমদের উদ্ধার করতে বললে। পুলিশ কন্যানগর গ্রামে ভিকটিমদের উদ্ধার করতে যায়। যেয়ে বিভিন্ন মাধ্যমে জানতে পারে তাদের কে ভারত সীমান্ড়ে এলাকায় মোঃ হাসেম( ৫০) বাসায় আটকে রাখা হয়েছে। তাৎক্ষণিকভাবে মোঃ আলমগীর হোসেন এর মা মহেশপুর থানায় অভিযোগ দায়ের করলে।মহেশপুর থানা পুলিশ তাদের দুই জন কে উদ্ধার করেন। পরবর্তীতে তাদের কে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লক্সে নিয়ে ভর্তি করা হয়। রিপোর্ট লেখা পর্যন্ত চিকিৎসাধীন আছেন হাফেজ আবু জাফর ও প্রাথমিক চিকিৎসা সেবা নিয়ে বাড়িতে গেছেন আলমগীর হোসেন।
এবিষয়ে ঝিনাইদহ জেলা বিজ্ঞ আদালত মামলা দায়ের করেন আবু জাফরের আব্বা আবুল কাসেম মামলা নাম্বার ১৬৮। তিনি আদালতের মাধ্যমে ন্যায় বিচার চান।

## ইসলামী ব্যাংকের ৪০তম বার্ষিক

সুপারভাইজরি কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ গিয়াস উদ্দিন তালুকদার, অ্যাডিশনাল ম্যানেজিং ডাইরেক্টর ও কোম্পানি সেক্রেটারি জে কিউ এম হাবিবুল্লাহ, এফসিএস এবং বিদেশী প্রাতিষ্ঠানিক শেয়ারহোল্ডারসহ উল্লেখযোগ্য সংখ্যক শেয়ারহোল্ডার ভার্চুয়াল প্লাটফর্মে এ সভায় অংশগ্রহণ করেন। সভায় অন্যান্য আলোচ্যসূচির সাথে ২০২২ সালের আর্থিক বিবরণী, শেয়ারহোল্ডারদের জন্য ১০ শতাংশ নগদ লভ্যাংশ এবং ব্যাংকের নাম 'ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি' করার অনুমোদন দেয়া হয়।

## কালীগঞ্জে চক্ষু শিবির অনুষ্ঠিত

সংস্থা। চক্ষু শিবিরে পাঁচ শতাধিক রোগি দেখার পর চল্লিশ জন রোগিকে অপারেশন করানোর জন্য খুলনায় নিয়ে যাওয়া হয়। ক্যাম্পে আসা আলাইপুর গ্রামের সুফল কুমার জানান, অনেক দিন চোখের সমস্যায় ভুগছি। আজ চোখ দেখালাম অপারেশনের জন্য খুলনায় নিয়ে যাচ্ছে। বিনা টাকায় অপারেশন করা হবে জেনে আরো ভালো লাগছে। শহরের আড়পাড়ার শিরিনা বেগম নামে এক গৃহবধু বলেন, মাইকিং শুনে এসেছি। ডাক্তার দেখে ওষুধ লিখে দিয়েছে।

## মহেশপুরে রচনা ও বির্তক

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দূর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক আসাদুজ্জামান, সহকারী পরিদর্শক কাওছার আহম্মেদ,অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন মহেশপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রঞ্জন কুমার মজুমদার, আলফাতুনেছা কলেজের অধ্যক্ষ শরীফুল ইসলাম, উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সদস্য খন্দকার আব্দুল বাতেন,শহিদুল ইসলাম,কামরুজ্জামান টুটুল প্রমুখ।

## সৌদি পৌঁছেছেন ১ লাখ ১২ হাজার

৫১১ জন। হজের জন্য ইস্যু করা ভিসা ১ লাখ ২৩ হাজার ২৭৮টি। হজ কার্যক্রমে অংশগ্রহণকারী হজ এজেন্সির সংখ্যা ৬০৩টি।

## পবিত্র ঈদুল আযহা উপলক্ষে

ছিলেন চেয়ারম্যান শহিদুল ইসলাম শিকদার,ট্যাগ অফিসার, সাংবাদিক সাজ্জাদ আহমেদ, সচিব রবিউজ্জামাস, সাংবাদিক এবং গন্যমান্য ব্যাক্তিবর্গ। ইউপি চেয়ারম্যান মাসুম জানান, ইউনিয়নের ৯ টি ওয়ার্ডের জন উপকার ভোগীদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে।
আসন্ন ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহ সদর উপজেলার ১নং সাধুহাটি ইউপিতে ভিজিএফের চাল বিতরণ করা হয়েছে। বুধবার, প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ভিজিএফের চাল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন,সাধুহাটি ইউপি চেয়ারম্যান কাজী মোঃ নাজির উদ্দিন।ইউনিয়নের অসহায়, দু:স্থ ১৯০৩ জন কার্ডধারীদের মাঝে ১০ কেজি করে চাল সুষ্ঠ ভাবে বিতরণ করা হয়। চাল বিতরণে উপস্থিত ছিলেন,দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসার ,ইউপি সচিব শ্রী নারায়ন টন্দ্র নন্দী, সহ সকল ইউপি সদস্যগণ।
পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহের কুমড়াবাড়িয়া ইউনিয়ন পরিষদে অসহায় দরিদ্রদের মাঝে ভি জি এফ এর চাউল বিতরন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে । চাউল বিতরন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চেয়ারম্যান সিরাজুল ইসলাম,ট্যাগ অফিসার, সচিব ইমারত আলী , সাংবাদিক এবং গন্যমান্য ব্যাক্তিবর্গ। ইউপি চেয়ারম্যান সিরাজুল ইসলাম জানান, ইউনিয়নের ৯ টি ওয়ার্ডের উপকার ভোগীদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে।
পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহের সাগান্না ইউনিয়ন পরিষদে অসহায় দরিদ্রদের মাঝে ভি জি এফ এর চাউল বিতরন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে । চাউল বিতরন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চেয়ারম্যান মোজাম্মেল হক,ট্যাগ অফিসার, সচিব হাফিজুর রহমান , সাংবাদিক এবং গন্যমান্য ব্যাক্তিবর্গ। ইউপি চেয়ারম্যান মোজাম্মেল হক জানান, ইউনিয়নের ৯ টি ওয়ার্ডের উপকার ভোগীদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে।

## আজ রাষ্ট্রপতি হজ্জ পালনে সৌদি

অন্যান্য সফরসঙ্গীদের নিয়ে শুক্রবার দুপুর ২টা ৩০ মিনিটে হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দর থেকে রওয়ানা দেবে।
সময়সূচি অনুযায়ী, বাংলাদেশ সময় সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে (বাংলাদেশ সময়) জেদ্দায় অবতরণ করবেন রাষ্ট্রপ্রধান। সেখানে অবস্থানকালে তিনি আল সাফা রয়্যাল প্যালেসে অবস্থান করবেন।
হজ্জের যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন ১ জুলাই মহানবী হজরত মুহাম্মদ (সা.) এর রওজা জিয়ারতের জন্য মদিনা যাবেন।
হজ্জ পালনকালে সৌদি আরবে ১০ দিনের সফর শেষে রাষ্ট্রপতি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি বিমানে (ফ্লাইট নম্বর : বিজি ৩৩৮) ২ জুলাই মদিনার প্রিন্স মোহাম্মদ বিন আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।
আগামী ৩ জুলাই রাষ্ট্রপতি দেশে ফিরবেন বলে আশা করা হচ্ছে।

## বিএনপি ক্ষমতায় এলে সব উন্নয়ন

উপজেলার বালিয়াটি ইউনিয়ন পরিষদ চত্বরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ উপহার হিসেবে ৬৭৬ জন দুস্থের মাঝে ১০ কেজি করে চাল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
স্বাস্থ্যমন্ত্রী বলেন, পুনরায় নৌকা মার্কায় ভোট দিলেই সিদ্ধান্ত হবে, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধীসহ সকল সামাজিক ভাতা থাকবে কি থাকবে না। আমরা যানি আপনারা খুব কষ্টে আছেন। দ্রব্যমূল্য অধিক বৃদ্ধি পেয়েছে। যুদ্ধের কারণে তেলের দাম অধিক বৃদ্ধি পেয়েছে। তবে এখন আস্তে আস্তে দাম কমছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই ঈদে আপনাদের পাশে থাকার চেষ্টা করে যাচ্ছেন। টিসিবির মাধ্যমেও সরকার দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ রাখার চেষ্টা করছে।
তিনি আরও বলেন, করোনার সময় ভ্যাকসিন কি বিএনপি দিয়েছিল? ওই সময় তারা আপনাদের পাশে না থেকে সরকারের বিরুদ্ধে অপ্রচার করেছে। বলেছে ভ্যাকসিন দিলে মানুষ মরে যাবে। বরং আমরা সময় মতো ভ্যাকসিন না দিলে লাখ লাখ মানুষ মারা যেত। আমরা করোনা নিয়ন্ত্রণে এশিয়ায় প্রথম হয়েছি। ভারতের মতো বৃহত্তম রাষ্ট্র যেখানে ব্যর্থ হয়েছে। আমরা থাইল্যান্ড, শ্রীলঙ্কার চেয়ে আগে ভ্যাকসিন সংগ্রহ করে আপনাদের বিনামূল্যে দিয়েছি। প্রতিটি মানুষকে ৩-৪ বার ভ্যাকসিন দিয়েছি। প্রতিটি ভ্যাকসিনে ১০ হাজার টাকা করে খরচ হয়েছে সরকারের।
বালিয়াটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মীর সোহেল আহমেদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বালিয়াটি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রুহুল আমিন, সাটুরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা শান্তা রহমান, সাটুরিয়া থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুকুমার বিশ্বাস, সাটুরিয়া উপজেলা আওয়ামী লীগের সভাপতি ফজলুর রহমান, সাধারণ সম্পাদক আফাজ উদ্দিন, মানিকগঞ্জ সদর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আফছার উদ্দিন সরকার, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সুদেব সাহাসহ সাটুরিয়া ও জেলা আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## ইচ্ছেমতো গাছ কাটা যাবে না

অক্সিজেন হাব কোথাও নেই। অসহ্য তীব্র গরমে হাঁসফাঁস করতে থাকি। প্রকৃতি তার প্রতিশোধ নিতে শুরু করেছে। তাই মনে হলো আর গাছ কেটে ফেললেন, এটা করা যাবে না। গতকাল বৃহস্পতিবার রাজধানীর মহাখালীর এ কে খন্দকার সড়কে ডিএনসিসি ও বন অধিদপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত বৃক্ষরোপণ অভিযানে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র আতিকুল ইসলাম বলেন, একসময় সুজলা-সুফলা-শস্য-শ্যামলা সবুজ বাংলাদেশ নামে এই দেশের খ্যাতি ছিল। এখন আর এটা নেই। আমরা গাছ কেটে বনভূমি উজাড় করে ফেলছি। গাছপালা কমে যাওয়ায় শ্যামল ছায়া আর দেখতে পাওয়া যায় না। সবুজ শ্যামল বাংলাদেশ থেকে দূরে সরে গিয়েছি। এগুলো এখন আমাদের কাছে ইতিহাস মনে হয়। ঢাকা শহরে পরিকল্পিতভাবে বৃক্ষরোপণের মধ্য দিয়ে সেই ইতিহাসকে সামনে নিয়ে আসতে চাই। আবার ঢাকা শহরকে সবুজ ছায়ায় ছেয়ে দিতে চাই। ডিএনসিসি মেয়র বলেন, আমি দাবি জানিয়েছিলাম যারা সুষ্ঠুভাবে ছাদবাগান করবেন সেইসব বাসার মালিকদের ১০ শতাংশ হোল্ডিং টেক্স ছাড় দেওয়া হবে। স্থানীয় সরকার মন্ত্রণালয় সেই সুবিধা এখন সব সিটি করপোরেশন ও পৌরসভাকে দিচ্ছে। এটি একটি যুগান্তকারী সিদ্ধান্ত বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, আমাদের বাঁচার একটাই পথ- বিপুর সংখ্যক গাছ লাগাতে হবে। যেখানেই ফাঁকা জায়গা সেখানেই বৃক্ষরোপণ করে পরিচর্যা করতে হবে। এভাবে এগোতে থাকলে ঢাকা হবে আবার সেই সবুজ ঢাকা এবং একটি পরিপূর্ণ অক্সিজেন হাব। যেকোনো পরিস্থিতিতে ডিএনসিসিসহ যেকোনো সংস্থাকে আর একটি গাছও না কাটার আহ্বান জানিয়ে মেয়র আতিকুল ইসলাম বলেন, কোনো কাজের জন্য গাছ কাটার দরকার হলে আসুন আমরা বসি, আলোচনা করি। বাস্তবতা বিচার করি। মনে হলো আর গাছ কেটে ফেললেন, এটা করা যাবে না।

## আ.লীগের আমলেই দেশের মানুষ

নিয়েছে। সিটি নির্বাচনের প্রসঙ্গ টেনে তিনি বলেন, আওয়ামী লীগের আমলে যে নির্বাচন সুষ্ঠু হয় তা প্রমাণিত। এ নিয়ে আর প্রশ্ন তোলার অবকাশ নেই। যেসব দেশ বা যারা নির্বাচন নিয়ে কথা বলে তারা এসে দেখে যাক।
শেখ হাসিনা বলেন, ২০১৪ ও ২০১৮ সালে বিএনপির অগ্নিসন্ত্রাস মানুষ ভুলে যায়নি। তাদের জনগণের প্রতি কোনো দায় নেই। বিএনপির আমলে খাম্বা ছিল, বিদ্যুৎ ছিল না। খুনি-সন্ত্রাসী দল বিএনপির বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে।

## আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠা

পাকিস্তান' শব্দ দুইটি বাদ পড়ে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় থেকে। বাংলাদেশে স্বাধীনতা ঘোষণা করার পর থেকে প্রবাসী সরকারের সব কাগজপত্রে বাংলাদেশ আওয়ামী লীগ নাম ব্যবহার শুরু হয়। ১৯৭০ সাল থেকে এ দলের নির্বাচনী প্রতীক নৌকা। পরবর্তী সময়ে দেশের অন্যতম প্রাচীন এ সংগঠনটি বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধসহ প্রতিটি গণতান্ত্রিক, রাজনৈতিক ও সামাজিক আন্দোলনে নেতৃত্ব দিয়ে এদেশের গণমানুষের সংগঠনে পরিণত হয়।
আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা মনে করেন ,বাংলাদেশ আওয়ামী লীগ মাটি ও মানুষের দল। জনগণই আওয়ামী লীগের মূল শক্তি। আওয়ামী লীগের নেতৃত্বেই '৬২-এর ছাত্র আন্দোলন,' '৬৪-এর সাম্প্রদায়িক দাঙ্গা প্রতিরোধ,' '৬৬-এর ছয়দফা আন্দোলনের মাধ্যমে বাঙালি মুক্তির সনদ রচনা এবং' ৬৯-এর গণ-আন্দোলনের মাধ্যমে স্বৈরশাসন অবসানের প্রতিশ্রুতি অর্জন দলটিকে মুক্তিকামী মানুষের আশ্রয়স্থলে পরিণত করে। বঙ্গবন্ধু শেখ মুজিবের নেতৃত্বের জন্যই আওয়ামী লীগকে '৭০-এর নির্বাচনে পূর্ব-বাংলার মানুষ তাদের মুক্তির ম্যান্ডেট দিয়েছিল। প্রতিষ্ঠার পর থেকে এ ভূখণ্ডে প্রতিটি প্রাপ্তি ও অর্জন সবই আওয়ামী লীগের নেতৃত্বেই হয়েছে। মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষা থেকে শুরু করে আজ পর্যন্ত বাঙালির অর্জন এবং বাংলাদেশের সকল উন্নয়নের মূলেই রয়েছে আওয়ামী লীগ।
রাজনৈতিক বিশেষজ্ঞ এবং বিশিষ্টজনরাও মনে করেন, আওয়ামী লীগের অর্জন পাকিস্তান আমলের গণতান্ত্রিক অর্জন, এই দলের অর্জন বাংলাদেশের অর্জন। জাতির জন্য যখন যা প্রয়োজন মনে করেছে, সেটি বাস্তবায়ন করেছে এ দলটি। ভাষা আন্দোলন থেকে মুক্তিযুদ্ধ, সব আন্দোলন সংগ্রামে সামনে থেকে নেতৃত্ব দিয়ে বাংলাদেশ গঠনে সর্বোচ্চ ভূমিকা পালন করেছে আওয়ামী লীগ। স্বাধীনতার পর থেকে দেশ বিরোধীদের ষড়যন্ত্র সত্ত্বেও বাংলাদেশ আওয়ামী লীগ ধ্বংস্তুপ থেকে উঠে এসে স্বৈরশাসনের অবসান ঘটিয়ে গণতন্ত্র প্রতিষ্ঠা করেছে।
আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ আশরাফুল ইসলাম এ দল সর্ম্পকে মন্তব্যে বলেছিলেন, আওয়ামী লীগ শুধু দেশের পুরনো ও সর্ববৃহৎ রাজনৈতিক দলই নয়, এটি হচ্ছে গণতন্ত্র ও অসাম্প্রদায়িক ভাবাদর্শের মূলধারাও। প্রতিষ্ঠা থেকে শুরু করে এ পর্যন্ত নানা আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে আওয়ামী লীগ আমাদের সমাজ-রাজনীতির এ ধারাকে নিরবচ্ছিন্নভাবে এগিয়ে নিচ্ছে। তিনি এ দলটিকে দেশের অন্যতম প্রাচীন সংগঠন হিসেবে আখ্যায়িত করে বলেছিলেন, ভাষা, স্বাধিকার, গণতন্ত্র ও স্বাধীনতা অর্জনের মহত্তম গৌরবে অভিষিক্ত আওয়ামী লীগ কয়েক দশকের অভিযাত্রায় শান্তি, সমৃদ্ধি ও দিন বদলের লক্ষ্যে অবিচল বাঙালি জাতির মুক্তির দিশারী।

## চুয়াডাঙ্গায় পাঁচ বছর বয়সী শিশু

গ্রামের পাঁচ বছর বয়সী এক শিশুকে ফুসলিয়ে তার ঘরে নিয়ে গিয়ে ধর্ষণ করে। ধর্ষণের কারণে রক্তক্ষরণ শুরু হলে বিষয়টি জানাজানি হয়। এ অবস্থায় শিশুটিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে এনে ভর্তি করে তার পরিবার। ঘটনার পর থেকেই গা ঢাকা দিয়েছে তানভীর। তাকে ধরার জন্য পুলিশের একাধিক টিম অভিযানে নেমেছে।
দামুড়হুদার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান জাকারিয়া আলম বলেন, মেয়ে শিশুটি গ্রামের একটি বিদ্যালয়ে শিশু শ্রেণিতে পড়ে। তানভীর তাকে ফুসলিয়ে তার ঘরে নিয়ে ধর্ষণ করে। ঘটনার পর থেকে পুলিশের পাশাপাশি এলাকার মানুষও ধর্ষককে খুজছে। সে ভবঘুরে এক যুবক। আমরা তার দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি।

## আওয়ামী লীগের পথ

হত্যার পর নেতৃত্ব শুন্যতায় পড়ে আওয়ামী লীগ। এর পর দলের মধ্যে ভাঙনও দেখা দেয়। ১৯৮১ সালে বঙ্গবন্ধু কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফিরে আওয়ামী লীগের হাল ধরেন। তার নেতৃত্বে দ্বিধা-বিভক্ত আওয়ামী লীগ আবার ঐক্যবদ্ধ হয়। চার দশক ধরে তাঁর নেতৃত্বে আওয়ামী লীগ পরিচালিত হচ্ছে। এই সময়ে আন্দোলন-সংগ্রামের পাশাপাশি চারবার রাষ্ট্র ক্ষমতায় অধিষ্ঠিত হতে পেরেছে দলটি।
আবার ৭৪ বছরের মধ্যে প্রায় ৫০ বছরই আওয়ামী লীগকে থাকতে হয়েছে রাষ্ট্র ক্ষমতার বাইরে। বাংলাদেশের স্বাধীনতার পর বঙ্গবন্ধু সরকারের সাড়ে তিন বছর এবং ১৯৯৬ সালে শেখ হাসিনার নেতৃত্বে ৫ বছর, ২০০৯ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত আওয়ামী লীগ সরকার পরিচালনা করছে।
২০০১ সালের নির্বাচনে পরাজয়ের পর অনেকটা সুসংহত হতে সক্ষম হয়ে জোট সরকার বিরোধী আন্দোলনে সফলতার পরিচয়ও দিয়েছিল দলটি। কিন্তু এই আন্দোলনের শেষ পর্যায়ে ২০০৭ সালের ১১ জানুয়ারির পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতিতে দেশ জুড়ে জরুরি অবস্থা জারি করে তত্ত্বাবধায়ক সরকার দায়িত্ব নিলে আবারো নতুন সংকটের মুখে পড়ে যায় দলটি। দলীয় সভাপতি শেখ হাসিনাসহ প্রথম সারির অসংখ্য নেতারা গ্রেফতার এবং একাংশের সংস্কার তৎপরতায় কিছুটা সংকটে পড়ে দলীয় কার্যক্রম।
তবে, সকল প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করেই ২০০৮ সালের ২৯ ডিসেম্বর নির্বাচনে শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ ও মহাজোট ঐতিহাসিক বিজয় অর্জন করে। ২০০৯ সালের ৬ জানুয়ারি গঠিত হয় আওয়ামী লীগের নেতৃত্বাধীন মহাজোট সরকার। দ্বিতীয়বারের মতো প্রধানমন্ত্রী হন শেখ হাসিনা।
পরে ২০১৪ সালের ৫ জানুয়ারি বিএনপি-জামায়াত জোটের শত প্রতিকূলতাকে মোকাবেলা করে নির্বাচনে বিজয়ী হয়ে আওয়ামী লীগ সরকার গঠন করে এবং তৃতীয় বারের মত প্রধানমন্ত্রী হন শেখ হাসিনা। সর্বশেষ, ২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হয়ে আওয়ামী লীগ সরকার গঠন করে এবং শেখ হাসিনা চতুর্থবারের মত প্রধানমন্ত্রী হন।
নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী ক্ষুধা, দারিদ্র্যমুক্ত, আধুনিক বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তি নির্ভর সুখী, সমৃদ্ধ 'ডিজটাল বাংলাদেশ' গড়াসহ বাংলাদেশকে উন্নয়নশীল দেশের কাতারে নিয়ে গেছে দলটি।
এবার ডিজিটাল বাংলাদেশ স্লোগানের সঙ্গে যুক্ত হয়েছে 'স্মার্ট বাংলাদেশ'-এর স্বপ্ন। এবার সরকারের লক্ষ্য ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে 'স্মার্ট বাংলাদেশ'-এ রূপান্তর। স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভর্নমেন্ট এ চারটি মূল ভিত্তিকে কেন্দ্র করে বাংলাদেশ আওয়ামী লীগ সরকার আগামী ২০৪১ সাল নাগাদ একটি সাশ্রয়ী, টেকসই, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে যাত্রা শুরু করেছে।

## শেখ হাসিনার সামনেই শাজাহান

একাধিক অভিযোগ উত্থাপন করেন। মাদারিপুরে বাহাউদ্দিন নাছিমের কারণে আওয়ামী লীগ সংগঠন বিভক্ত হয়ে পড়েছে বলেও দাবি করেন শাজাহান খান। এ সময় বাহাউদ্দিন নাছিম বলেন, যেহেতু আমার বিরুদ্ধে অভিযোগ ওঠেছে, আমাকে অক্রমণ করা হয়েছে, সেজন্য আমাকে কিছু বলার সুযোগ দিন মাননীয় নেত্রী। প্রধানমন্ত্রী বাহাউদ্দিন নাছিমকেও সুযোগ দেন। বাহাউদ্দিন নাছিম বলেন, শাজাহান খানের অত্যাচারে যারা আওয়ামী লীগের ত্যাগী,পরীক্ষিত- তারাই বহিরাগততে পরিণত হয়েছে। তারা নিস্পেষিত হচ্ছে। শাজাহান খান আওয়ামী লীগকে এখন জাসদ বানিয়ে ফেলেছে। তার অত্যাচারে আওয়ামী লীগই অতিষ্ঠ।
এ সময় প্রধানমন্ত্রী বাহাউদ্দিন নাছিমকে উদ্দেশ্য করে বলেন, "তুমি এবং দাদা ভাই (ইলিয়াস চৌধুরী- লিটন চৌধুরীর পিতা) শাজাহান খানকে আওয়ামী লীগে নেওয়ার জন্য আমার মাথা খারাপ করেছিলে। আমাকে সারাক্ষণ এজন্য অনুরোধ করেছিলে। এখন তুমিই এর বিরোধীতা করছো। শাজাহান খান যখন জাসদে ছিল, তখনও আমার সঙ্গে যোগাযোগ ছিল। শাজাহান খান বলেছিল যে, 'কোন পরিস্থিতিতে আমি জাসদে গেছি', তার পিতা এবং শাজাহান খান দুই জনেরই অবদান রয়েছে।"
এ রকম পরিস্থিতিতে প্রধানমন্ত্রী দুজনকেই শান্ত থাকার এবং পরস্পর পরস্পরকে আক্রমণ না করার পরামর্শ দেন। প্রধানমন্ত্রী বলেন, 'এখন মিলেমিশে কাজ করার সময়। এখন ঝগড়াঝাটি করার সময় নয়'- এই বলে দীর্ঘক্ষন বিতর্কের অবসান ঘটান প্রধানমন্ত্রী।

## যশোরে ত্রিমুখী সংঘর্ষ

যশোর থেকে খুলনাগামী একটি পিকআপ (ঢাকা মেট্রো ন ১৫-২২৪৩) এবং খুলনা থেকে যশোরগামী কার্গো ট্রাক (চট্টো মেট্রো ট ১১-৯৫৫৮) এর সংঘর্ষ হয়। এসময় ট্যাংক লরিও (যশোর-ড ১১-০৬৩৬) ধাক্কা দেয়। এতে পিকআপ ড্রাইভার বরিশালের বাবুগঞ্জের আব্দুল হাকিম তালুকদারের ছেলে রাজীব তালুকদার (৩০) ঘটনাস্থলে নিহত হয়েছেন। পিকআপ ও কার্গো ট্রাক দুমড়ে-মুচড়ে গেছে। আর ট্যাংক লরির গ-াস ভেঙ্গে ক্ষতিগ্রস্ড় হয়েছে।
এ বিষয়ে যশোর কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে। সড়কের ওপর দুমড়েমুচড়ে যাওয়া গাড়িগুলো সরিয়ে ফেলানো হয়েছে। এতে মহাসড়কে যান চলাচল স্বাভাবিক রয়েছে।

## অবসরে যাচ্ছেন বিচারপতি রইস

আনুষ্ঠানিকভাবে এদিন তার শেষ কর্মদিবস। কিন্তু এ সময় আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষে সরকারি ও সাপ্তাহিক ছুটিসহ কোর্টের অবকাশে ২২ জুন থেকে ৮ জুলাই পর্যন্ত দেশের সর্বোচ্চ আদালতের উভয় (হাইকোর্ট ও আপিল) বিভাগের নিয়মিত বিচারিক কার্যক্রম বন্ধ থাকবে। ফলে ২১ জুন বিচারক হিসেবে ছিল তার শেষ কর্ম দিবস। ১৯৫৬ সালের ৩০ জুন জন্মগ্রহণ করেন মো. রইস উদ্দিন। তার গ্রামের বাড়ি মানিকগঞ্জের সিংগাইর থানাধীন হাতনীতে। তিনি একজন বীর মুক্তিযোদ্ধা। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ তার জীবনের গৌরবময় অধ্যায়। মো. আফছার উদ্দিন ও জাবেদা খাতুন দম্পতির সন্তান রইস উদ্দিন ১৯৭২ সালে জার্মিত্তা সত্য গোবিন্দ উচ্চবিদ্যালয় হতে এসএসসি পাস করেন। ১৯৭৪ সালে সাভার ডিগ্রি কলেজ থেকে উচ্চমাধ্যমিকপাস করেন। পরবর্তীকালে ১৯৭৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন সরকারি তোলারাম কলেজ থেকে স্নাতক এবং ১৯৭৯ সালে ধানমন্ডি ল' কলেজ থেকে আইন বিষয়ে ডিগ্রি লাভ করেন। রইস উদ্দিন ১৯৮১ সালে ঢাকা আইনজীবী সমিতির সদস্যপদ পান এবং আইন পেশায় নিয়োজিত হন। ১৯৮৩ সালে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের সনদপ্রাপ্ত হন এবং সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সদস্যপদ গ্রহণ করে হাইকোর্টে প্র্যাকটিস শুরু করেন। ২০০৪ সালের ২৩ আগস্ট হাইকোর্ট বিভাগের অতিরিক্ত বিচারক হিসেবে শপথগ্রহণ করেন। ২০০৬ সালের ২৩ আগস্ট একই বিভাগের স্থায়ী বিচারক হিসেবে শপথ নেন। বিচারপতি রইস উদ্দিন ব্যক্তিগত জীবনে তাহমিনা আক্তারের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন। এ দম্পতির তিন কন্যাসন্তান রয়েছে। এরমধ্যে বড় মেয়ে চিকিৎসক, মেঝো মেয়ে প্রকৌশলী এবং ছোট মেয়ে আইনজীবী।

## স্বামীকে কুপিয়ে হত্যা ৯৯৯-এ ফোন

আমরা ভোর ৪টার দিকে খবর পায়। বানু বেগম নিজেই ৯৯৯-এ ফোন করে পুলিশকে খবর দেয়। পরে আমরা নিহতের স্ত্রীকে আমাদের হেফাজতে নেই। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য তার মরদেহ শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ মর্গে পাঠানো হয়।
তিনি আরও বলেন, জিজ্ঞাসাবাদে ওই নারী জানায় এক মাস আগে বিয়ে করে তারা এই বাসায় উঠেছেন। বানু বেগমের আগের স্বামীর মৃত্যুর পর তিনি শামীম মিয়াকে বিয়ে করেন। অন্যদিকে শামীম মিয়ার স্ত্রী ও বাচ্চা আছে। পারিবারিক কলহের জেরে বানু শামীম মিয়াকে দা দিয়ে কুপিয়ে হত্যার কথা স্বীকার করেছেন। শামীম মিয়া আচার বিক্রি করতেন।
এছাড়া ঘটনার অন্য কোনো উদ্দেশ্য আছে কি না সে বিষয়ে আরও জিজ্ঞাসাবাদ শেষে পরে বিস্তারিত জানানো হবে।

## ৯৯ বারের মত পেছাল সাগর-রুনি

ঢাকার পশ্চিম রাজাবাজারে মাছরাঙা টেলিভিশনের বার্তা সম্পাদক সাগর সারোয়ার ও এটিএন বাংলার জ্যেষ্ঠ প্রতিবেদক মেহেরুন রুনি নিজেদের ভাড়া বাসায় নির্মমভাবে খুন হন। পরদিন ভোরে তাদের ক্ষতবিক্ষত মরদেহ উদ্ধার করা হয়।
এরপর নিহত রুনির ভাই নওশের আলম রোমান রাজধানীর শেরেবাংলা নগর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। প্রথমে মামলার তদন্ত কর্মকর্তা ছিলেন ওই থানার এক এসআই। চার দিন পর চাঞ্চল্যকর এ হত্যা মামলার তদন্তভার ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) কাছে হস্তান্তর করা হয়। দুই মাসেরও বেশি সময় তদন্ত করে রহস্য উদঘাটনে ব্যর্থ হয় ডিবি। পরে হাইকোর্টের নির্দেশে একই বছরের ১৮ এপ্রিল হত্যা মামলাটির তদন্তভার র‌্যাবের কাছে হস্তান্তর করা হয়। সেই থেকে দীর্ঘ সময় পেরিয়ে গেলেও এখনও মামলার তদন্ত প্রতিবেদন দাখিল করতে পারেনি সংস্থাটি।

## রিজার্ভ ছাড়াল ৩০ বিলিয়ন

ধারা অব্যাহত থাকবে। আর প্রবাসী আয় বেশি এলে ব্যাংকগুলো নির্দিষ্ট পরিমাণ নিজেদের প্রয়োজন মেটানোর জন্য রেখে বাকিটা বাংলাদেশ ব্যাংকের কাছে বিক্রি করে, বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ হিসাবে যুক্ত হয়। পাশাপাশি বাংলাদেশ ব্যাংকও খাদ্যপণ্য, জ্বালানির মতো অতি প্রয়োজনীয় পণ্য আমদানির জন্য বাণিজ্যিক ব্যাংকগুলোর কাছে বিক্রি করে।
১০ পণ্য আমদানিতে আরোপিত কড়াকড়ি শিথিল: এদিকে ডলার সংকট কমে আসার ফলে আমদানিতে এলসি খোলার ক্ষেত্রে কড়াকড়ি শিথিল করছে বাংলাদেশ ব্যাংক। গত জুলাই মাসের পর থেকে বেশ কিছু পণ্য আমদানিতে কড়াকড়ি আরোপ করে। যাতে আমদানি ব্যয় কমে, সাশ্রয় হয় ডলারের। উৎপাদন সহায়ক এই ১০ পণ্যের ওপর আরোপিত কড়াকড়ি শিথিল করতে গত ২০ জুন সার্কুলার জারি করে বাংলাদেশ ব্যাংক। এ সব পণ্যের মধ্যে রয়েছে, প্যাকেজিং আইটেম ও এর কাঁচামাল, চিকিৎসা সংশ্লিষ্ট সরঞ্জাম ও রিএজেন্ট, ইউপিএস বা আইপিএসের যন্ত্রাংশ ও আনুষঙ্গিক পণ্য, নিরাপত্তা সংশ্লিষ্ট পণ্য, নির্মাণ সংশ্লিষ্ট স্থানীয়ভাবে প্রস্তুত করা পণ্যের সম্পূরক হার্ডওয়্যার, স্টিল শিট, এইচ-বিম, কম্পিউটার টেক্সটাইলের কাঁচামাল, রাসায়নিক ও আনুষঙ্গিক পণ্য, প্লাস্টিক ও ল্যাপটপের যন্ত্রাংশ, তথ্য-যোগাযোগ প্রযুক্তি, ইন্টারনেট, সাইবার নিরাপত্তা সংশ্লিষ্ট হার্ডওয়্যার, যানবাহনের খুচরা যন্ত্রাংশ, টায়ার, টিউব ও এ-সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক পণ্য। সার্কুলারে আরও বলা হয়, কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (সিএমএসএমই) খাতের বাণিজ্যিক আমদানিকারকের মাধ্যমে আনা পণ্য সংশ্লিষ্ট খাতের ব্যবসা প্রসারের জন্য অত্যাবশ্যকীয়। এ ধরনের পণ্য অর্থনৈতিক গতি বাড়ানোসহ কর্মসংস্থানে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। সেই বিবেচনায় সিএমএসএমই ও অন্যান্য খাতের বাণিজ্যিক আমদানিকারকের মাধ্যমে আমদানির ক্ষেত্রে ব্যাংকার/ গ্রাহক সম্পর্কের ভিত্তিতে আমদানি ঋণপত্র স্থাপনে নগদ মার্জিন সংরক্ষণের হার নির্ধারণ করা যাবে।

## চীনে কয়লা খনি ধসে ৫৩ জন নিহত

বেঁচে থাকার জোরালো কোন লক্ষণ নেই বলে নিশ্চিত করা হয়েছে। আঞ্চলিক জরুরি সংস্থার উদ্ধৃতি দিয়ে এ কথা জানানো হয়। সিসিটিভি পরিবেশিত খবরে বলা হয়, সেখানে 'অনুসন্ধান ও উদ্ধার কাজ শেষ করা হয়েছে।' আরো বলা হয়, ২২ ফেব্রুয়ারি বড় ধরনের এ খনি দুর্ঘটনায় ৫৩ জনের প্রাণহানি ঘটে। আলক্সা গিল কম জনবহুল একটি এলাকা যার অর্থনীতি মূলত খনি শিল্পের উপর নির্ভর করে থাকে।

## ১০ লাখের বেশি ক্ষুদ্র কৃষকের

সিএসএ কৃষক, খামার ও সরকারি অংশীদারদের সহযোগিতা করবে। যেন ক্লাইমেট স্মার্ট কৃষি প্রযুক্তিগুলোর ব্যবহার ও অনুশীলন এবং আরও সহনশীল ও অন্তর্ভুক্তিমূলক খাদ্য ও কৃষি উৎপাদন ব্যবস্থার মধ্য দিয়ে বাংলাদেশের ক্ষুদ্র কৃষকদের উৎপাদন ক্ষমতা বাড়ানো যায়। সিএসএ অ্যাক্টিভিটির হিসাবে, এ প্রকল্পের মাধ্যমে ৬ লাখ ১ হাজার ৫৫০ মেট্রিক টন সার ও ৪২৪ মিলিয়ন ইউএস ডলারের সারের ভর্তুকি সাশ্রয় হবে এবং ক্রমবর্ধমান হারে ৯ দশমিক ৫৩ মিলিয়ন মেট্রিক টন ফসল উৎপাদন হবে।

## জলবায়ু পরিকল্পনা বাস্তবায়নে ২৭

২৭ বছরের ২৩০ বিলিয়ন ডলার বিনিয়োগের দরকার হবে। আর তাপমাত্রা যদি দুই ডিগ্রি সেলসিয়াসের ওপরে উঠে যায় তাহলে এর চেয়ে বেশি অর্থের প্রয়োজন হবে। ড. আতিউর রহমান বলেন, দেশের মোট কার্বন নিঃসরণের ১৭ শতাংশই আসে ইটভাটা থেকে। তাই জল-জন-জমি-বায়ু দূষণকারী এই প্রচলিত ইটের বিকল্প হিসেবে কংক্রিট ব্লকের উৎপাদনে বিশেষ বরাদ্দ, ব্যবহারে বিশেষ প্রণোদনা (করছাড় হতে পারে) এবং ইটের ওপর ভ্যাটের পাশাপাশি বিশেষ ডিউটি আরোপ করতে হবে। তা ছাড়া পরিবেশের জন্য ক্ষতিকর শিল্পকে নিরুৎসাহিত করে পরিবেশবান্ধব শিল্প স্থাপনে বিশেষ প্রণোদনা দেওয়ার ব্যবস্থা করতে হবে। তিনি আরও বলেন, জ্বালানিতেই সমাধান মিলবে, এ ধারণা ভুল। ম্যাক্রো অর্থনীতির বাস্তবতায় এই কৌশল ঢেলে সাজানোর বিকল্প নেই। আমরা এখন ২৫ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করার মতো সক্ষমতা অর্জন করেছি। কিন্তু প্রাথমিক উপকরণের (গ্যাস ও তেল) অভাবে আমরা এই পরিমাণ বিদ্যুৎ উৎপাদন করতে পারছি না। আর অমাদের এখন চাহিদাও এর চেয়ে কম, ১৪ হাজার মেগাওয়াটের মতো। এই চাহিদা মেটাতেও আমরা জ্বালানি উপকরণের ব্যাপক আমদানির উদ্যোগ নিচ্ছি। এজন্য যে বিদেশি মুদ্রার প্রয়োজন হবে তার সংস্থান কতোটা সম্ভব হবে তাও ভেবে দেখতে হবে।

# আমিরাতের হাতে পাকিস্তানের সমুদ্রবন্দর করাচি



*আন্তর্জাতিক ডেস্ক :* রাজনৈতিক ও অর্থনৈতিক সংকটে খাদের কিনায় পাকিস্তান। বিশ্বের অন্যতম সামরিক পরাশক্তির এই দেশটি এখন চরম অর্থনৈতিক সংকটে নিপতিত হয়েছে হয়েছে। যা থেকে মুক্তি পেতে নানা চেষ্টা করেও ব্যর্থ হয়েছে। এর মধ্যে গুঞ্জর রয়েছে যে পাকিস্তান তার অন্যতম ব্যাজিণিক সমুদ্র বন্দর করানি বিক্রি বা লিজ দিতে যাচ্ছে। তবে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। তবে এধরণের খবরের সত্যতা স্বীকার করেছেন সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী। জানা যায়, চরম আর্থিক সংকটে থাকা পাকিস্তান অবশেষে নিজের প্রধান সমুদ্র বন্দর বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। আরব সাগরের তীরে অবস্থিত করাচি বন্দরের নিয়ন্ত্রণ যাচ্ছে সংযুক্ত আরব আমিরাতের কাছে। তবে বন্দরটি বিক্রি না করে লিজ দেয়াও হতে পারে বলে ধারণা করা হচ্ছে। এর আগে দক্ষিণ এশিয়ার আরেক দেশ শ্রীলঙ্কাও তার একটি বন্দরকে চীনের কাছে ৯৯ বছরের জন্য লিজ দিয়ে বিশ্বজুড়ে আলোচনায় উঠে এসেছিল। গতকাল বৃহস্পতিবার জাপানি গণমাধ্যম নিক্কেই এশিয়া করাচি বন্দর নিয়ে এই বিস্ফোরক খবরটি প্রকাশ করে। এতে বলা হয়, আরব সাগরের উত্তর উপকূলে ও ওমান উপসাগরের পূর্ব উপকূলে করাচি বন্দর পাকিস্তানের প্রধান সমুদ্র বন্দর। এর মাধ্যমে দেশটির ৬০ শতাংশ পণ্য আমদানি-রপ্তানি হয়। কিন্তু এখন চরম অর্থ সংকটে থাকা পাকিস্তান জরুরি তহবিল জোগাড়ের অংশ হিসেবে করাচিতে দেশটির প্রধান সমুদ্রবন্দরের টার্মিনালগুলো সংযুক্ত আরব আমিরাতের কাছে হস্তান্তরের চিন্তা করছে। এর আগে গত বছর পাকিস্তানের পার্লামেন্টে জরুরি তহবিল গঠনের জন্য একটি আইন প্রণয়ন করা হয়েছিল। নিক্কেই এশিয়া বলছে, ওই আইন মেনেই পাকিস্তানের অর্থমন্ত্রী সম্প্রতি করাচি বন্দর হস্তান্তরের জন্য জরুরি কমিটি গঠনের কথা ঘোষণা করেছেন। এর আগে পাকিস্তান ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে হওয়া আন্তঃসরকার চুক্তি নিয়ে পাকিস্তানের মন্ত্রিপরিষদ বেশ কয়েকটি বৈঠক করেছে। তবে বৈঠকে কি আলোচনা হয়েচেহ তা নিয়ে বিস্তারিত কিছু জানা যায়নি। চরম আর্থিক সংকটে থাকা পাকিস্তান অবশেষে নিজের প্রধান সমুদ্র বন্দর বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। আরব সাগরের তীরে অবস্থিত করাচি বন্দরের নিয়ন্ত্রণ যাচ্ছে সংযুক্ত আরব আমিরাতের কাছে।



## শৈলকুপার বগুড়া ইউনিয়নে বাল্য বিবাহ, আত্মহত্যা প্রতিরোধ ও নরমাল ডেলিভারি জনসচেতনতা বিষয়ক মতবিনিময়

**সাকিবুল হাসান অন্তর :** ঝিনাইদহের শৈলকুপার বগুড়া ইউনিয়নে বাল্য বিবাহ, আত্মহত্যা প্রতিরোধ ও নরমাল ডেলিভারি বিষয়ে জনসচেতনতা তৈরি করতে স্বাস্থ্য কর্মীদের সাথে মতবিনিময় করেন বগুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল। বৃহস্পতিবার বগুড়া ইউনিয়ন পরিষদে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন বগুড়া ইউনিয়নে পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কমিউনিটি হেলথ প্রভাইডারস এর (সিএইচপির) ও ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ ও জনসাধারন। শফিকুল ইসলাম শিমুল জননেত্রী শেখ হাসিনার স্বাস্থ্য সেবা জনগনের মাঝে পৌছায় দেওয়ার জন্য স্বাস্থ্য কর্মীদের প্রতি বিশেষ ভাবে অনুরোধ করেন।




## চুয়াডাঙ্গা জেলার ইনটেনজিবাল ও টেনজিবাল কালচারাল হ্যারিটেজ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে বৃহস্পতিবার দুপুর ১২টার সময় চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কালেজের আইসিটি ভবণে ছাত্র-ছাত্রীদের মাঝে জেলার ইনটেনজিবল ও টেনজিবল কালচারাল হ্যারিটেক শীর্ষক অনুষ্ঠান সম্পূর্ণ হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ আবু রাশেদ। প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোঃ মুন্সি আবু সাইফ। আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমির আহ্বায়ক কমিটির সদস্য মুন্সি জাহাঙ্গীর আলম মান্না প্রমূখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলার কালাচারাল অফিসার আল মামুন বিন সালেহা। অনুষ্ঠান সঞ্চালনা করেন "প্রথম আলোর" চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি শাহ আলম সানি। প্রধান আলোচকের বক্তব্যে চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ চুয়াডাঙ্গার নামকরণ, জেলার বিখ্যাত ব্যক্তিবর্গ, দর্শনীয় স্থানসমূহসহ চুয়াডাঙ্গার খুঁটিনাটি বিষয়ে সম্পর্কে ধারণা দেন ছাত্র-ছাত্রীদের মাঝে।

## খামারিকে লাভবান করতে ভোক্তাকে ঠকানো হচ্ছে: ক্যাব

**নিজস্ব প্রতিবেদক :** খামারিদের লাভবান করতে বাড়তি দামে মাংস খাইয়ে ভোক্তাদের ঠকানো হচ্ছে বলে অভিযোগ করেছে কনজুমার অ্যাসোসিয়েশন বাংলাদেশ (ক্যাব)। সংগঠনটি মনে করছে, দেশের চাহিদার তুলনায় গরুর উৎপাদন কম। এ কারণে দাম বেশি। এক কেজি গরুর মাংস কিনতে ৮০০ টাকা গুনতে হয়। কম আয়ের মানুষ গরুর মাংস খাওয়া বাদ দিয়েছে। ভারত থেকে কমপক্ষে এক লাখ গরুর আমদানি করলে বাজারে গরুর মাংসের দাম কমবে। গতকাল বৃহস্পতিবার ক্যাব আয়োজিত ভার্চুয়াল সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে সংগঠনের সাধারণ সম্পাদক হুমায়ুন কবীর এসব কথা বলেন। সংবাদ সম্মেলনে প্রারম্ভিক বক্তব্য দেন ক্যাবের সভাপতি গোলাম রহমান। অনুষ্ঠানটি সঞ্চালন করেন শুভ রহমান। গোলাম রহমান বলেন, ভোক্তার স্বার্থ রক্ষার জন্য নির্দিষ্ট কোনো মন্ত্রণালয় না থাকার কারণে ভোক্তার অধিকার রক্ষা করা যাচ্ছে না। ভিন্ন ভিন্ন মন্ত্রণালয় ভিন্ন ভিন্ন বিভাগ দেখে, এসব বিভাগের সমন্বয় করে ভোক্তার স্বার্থ রক্ষার কোনো মন্ত্রণালয় বা বিভাগ নেই। ফলে নিত্যপণ্যের মূল্য বৃদ্ধির জন্য যেসব বিভাগ কাজ করে সেখানে ব্যবসায়ী উদ্যোক্তাদের স্বার্থ রক্ষা করে। আর ভোক্তার স্বার্থ উপেক্ষিত হয়। তিনি ভোক্তা স্বার্থ রক্ষা বিভাগ ও বাণিজ্য বিভাগ নামে বাণিজ্য মন্ত্রণালয়ে দুটি বিভাগ করার প্রস্তাব করেন। তিনি বলেন, বর্তমান বাণিজ্য মন্ত্রণালয়ের যে কাঠামো তাতে ব্যবসায়ীদের স্বার্থ রক্ষা করে। এ কাঠামোয় ভোক্তাদের স্বার্থ রক্ষার কোনো ব্যবস্থা নেই। ফলে কিছু মানুষের ইচ্ছায় বাজার নিয়ন্ত্রণ হয়ে থাকে। বৈশ্বিক কারণে দেশে মূল্যস্ফীতি হচ্ছে বলে যে কথা বলা হচ্ছে তা সঠিক নয়। এটা একটি অজুহাত। দেশের ভেতরের মুষ্টিমেয় লোকের হাতে বাজারের নিয়ন্ত্রণ চলে যাওয়ার কারণে কারসাজি করে পণ্যের দাম বাড়ানো হচ্ছে। গোলাম রহমান বলেন, চীনে মূল্যস্ফীতি একের ঘরে। ইউরোপীয় ইউনিয়নে ৬ এর ঘরে। আমাদের দেশে মে মাসে ৯ শতাংশের উপরে ছিল। যদিও প্রকৃতি মূল্যস্ফীতি অনেক বেশি। সরকার সিন্ডিকেট ভেঙে বাজারে নিয়ন্ত্রণ করতে পারলেই পণ্যের দাম কমে আসবে। চলতি বছরে সরকার ব্যাংক থেকে ৭০ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। বাংলাদেশ ব্যাংক থেকে সরকারের ঋণ মানেই বাজারে তার পাঁচগুণ প্রভাব পড়ে। এতে মূল্যস্ফীতি বাড়িয়ে দেয়। আগামী বছর সরকারের বাংলাদেশ ব্যাংক থেকে আর বেশি ঋণ নেবে। ফলে মূল্যস্ফীতির যে লক্ষ্য ঠিক করেছে তা শীঘ্রই কমানো সম্ভব নয়, আগামী বছরও বাড়তি মূল্যস্ফীতি মানুষকে ভোগাবে। এজন্য কৃষিসহ যেসব ভর্তুকি সরকার দিয়েছে সেগুলো বাস্তবায়ন করতে হবে।

## ৮০ বছরের বৃদ্ধ সাজার জন্য কত লক্ষ টাকা খরচ করেছেন শাকিব খান?

**বিনোদন প্রতিবেদক :** বাংলাদেশের চর্চিত নায়ক শাকিব খান। এই মুহূর্তে 'প্রিয়তমা' ছবিতে তাঁর নতুন সাজে চারদিকে সাড়া পড়ে গিয়েছে। বৃদ্ধ সাজার জন্য কতটা কষ্ট করতে হয়েছে তাঁকে?

চামড়ায় ভাঁজ পড়েছে। গালে, কপালে ফুটে উঠেছে বলিরেখা। ঘাড় অবধি লম্বা কাঁচাপাকা চুল। মুখভর্তি দাড়ি। ৮০ বছরের বৃদ্ধরূপে দর্শকের সামনে ধরা দেন বাংলাদেশের জনপ্রিয় নায়ক শাকিব খান। প্রথমে নায়ককে দেখে কেউ চিনতে পারেননি। আগে এ ভাবে কখনও প্রকাশ্যে আসেননি অভিনেতা। এই প্রথম 'প্রিয়তমা' ছবির জন্য শাকিবকে দেখা গেল এমন চেহারায়। ফলে তাঁর অনুরাগীদের কাছে তাঁর এই লুক যেন এক বড় চমক। এ পার বাংলায় এমন প্রস্থেটিক মেকআপে বিভিন্ন তারকাদের আগেও দেখা গিয়েছে। কিন্তু ও পার বাংলায় লুক বা মেকআপ নিয়ে এই মাপের পরীক্ষা-নিরীক্ষা খুব বেশি দেখা যায় না। ফলে বৃদ্ধ শাকিবকে নিয়ে শুরু হয় বিপুল চর্চাও। কিন্তু এই লুকের জন্য কত খরচ হয়েছে? শুধু খরচ নয়, ছবির পরিচালক হিমেল আশরাফ প্রথমে দোটানায় ছিলেন। এ ধরনের লুকে শাকিব প্রকাশ্যে আসতে রাজি হবেন কি না, তা নিয়ে দ্বন্দ্ব ছিল মনে।

বাংলাদেশের সংবাদমাধ্যম 'প্রথম আলো'-কে পরিচালক বলেন, "ছয়-সাত মিনিটের এই অংশ করতে শাকিব খান রাজি হবেন কি না, সেটা নিয়েও ভাবনা ছিল। কিন্তু চিত্রনাট্য পড়ে বৃদ্ধের অংশটুকু করতে দারুণ আগ্রহী হয়ে ওঠেন শাকিব। নিজে থেকেই বার বার তাগাদা দিতে থাকেন। সামান্য একটা অংশের জন্য বড় বাজেট বরাদ্দ করতে হয় আমাদের।" প্রস্থেটিক রূপসজ্জায় দক্ষ একটি টিমের সঙ্গে যোগাযোগ করা হয়। তাঁদের ১৫ দিন সময় দিতে হয়েছিল। শাকিবের এই লুকের নেপথ্যে রয়েছেন রূপটানশিল্পী সবুজ খান। তিনি 'প্রথম আলো'-কে বলেছেন, "পুরো শুটিংয়ে আমরা এই অংশটা নিয়ে চিন্তিত ছিলাম। কারণ, প্রস্থেটিক মেকআপ করাটা কঠিন। দীর্ঘ সময় প্রয়োজন হয়। একটানা বসে থাকতে হয়। ভুল করা যাবে না। সব আলাদা করে লিখে রাখতে হয়। মেকআপের কাজগুলোও ভাগ করে দিতে হয়। শুটিংয়ের সময় এই মেকআপ দিতে আমাদের প্রতি দিন ছয় থেকে সাত ঘণ্টা লাগত। এই মেকআপ তুলতেও আবার তিন ঘণ্টা সময় লেগেছিল। তিন দিন আগে থেকেই আমরা টানা এই মেকআপের সঙ্গে ছিলাম।"

এই মেকআপ করতে যেমন অনেক বেশি সময় লাগে, তেমনই পদ্ধতিও বেশ ব্যয়সাপেক্ষ। তাই এই ধরনের মেকআপের কাজ ছবিতে ব্যবহার করতে রাজি হন না অনেক প্রযোজকই। তবে এ ক্ষেত্রে তেমনটা হয়নি। ইন্ডাস্ট্রির অন্দরের খবর, শাকিবের এই লুকের জন্য খরচ হয়েছে প্রায় পাঁচ লক্ষ টাকা।



## টাইটানের খোঁজে আটলান্টিকে অত্যাধুনিক রোবট সাবমেরিন

**আন্তর্জাতিক ডেস্ক :** আটলান্টিক মহাসাগরে নিখোঁজ সাবমেরিন টাইটানের সন্ধান এখনও পাওয়া যায়নি। তবে অনুসন্ধান স্থানে বৃহস্পতিবার ফরাসি গবেষণা প্রতিষ্ঠান আইফ্রিমারের দ্য ভিক্টর ৬০০০ রোবট সাবমেরিন পৌঁছেছে। স্থল থেকে নিয়ন্ত্রিত এই সাবমেরিনটি সাগরের পৃষ্ঠতলে যেতে সক্ষম। বিবিসি জানিয়েছে, চার ঘণ্টার শিফটে কাজ করে দুই পাইলটের একটি দল সাগরের উপরিভাগে থাকা আটলান্টি জাহাজ থেকে এর গতিবিধি নিয়ন্ত্রণ করবেন। কন্ট্রোল রুমে একজন তৃতীয় ব্যক্তিও থাকবেন যারা মিশনে সাহায্য করবেন। তারা কানাডিয়ান কোস্টগার্ড বা নিখোঁজ সাবমেরিন টাইটানের পরিচালনাকারী সংস্থার হতে পারে। ভিক্টর ৬০০০- এর বোর্ডে থাকা লাইট এবং ক্যামেরাগুলোর মাধ্যমে পাইলটরা সমুদ্রের তলদেশে কী আছে তা একেবারে স্বচ্ছভাবে দেখতে পাবেন। ফরাসি এই সাবমার্সিবলের দুটি যন্ত্র রয়েছে যেগুলো অত্যন্ত সূক্ষ্ম কৌশল ধ্বংসাবশেষ কাটা বা অপসারণ করতে সক্ষম। অনুসন্ধানের কাজে যোগ দিয়েছে, বিমান, জাহাজ সেই সঙ্গে দূরবর্তী সমুদ্রে চালিত যানগুলো। প্রায় ১০ হাজার বর্গমাইল সমুদ্রজুড়ে খোঁজা হচ্ছে ডুবোযানটিকে। অনুসন্ধানে নতুন আওয়াজও শোনা যাচ্ছে, তবে সেগুলো কোথা থেকে আসছে তা স্পষ্ট নয় বলে জানিয়েছে ইউএস কোস্ট

## ভূমিকম্পে কাঁপল মিয়ানমার




*আন্তর্জাতিক ডেস্ক :* গত বুধবার মধ্যরাত থেকে গতকাল বৃহস্পতিবার ভোর পর্যন্ত ছয় ঘণ্টার ব্যবধানে তিন দফায় ভূমিকম্পে কেঁপে উঠেছে মিয়ানমার। তবে প্রাথমিকভাবে এসব ভূমিকম্পে কোনো ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, গত বুধবার রাত ১২টার কিছু আগে প্রথম কম্পনের প্রায় তিন ঘণ্টা পর মিয়ানমারে দ্বিতীয় দফায় কম্পন হয়। এর প্রায় তিন ঘণ্টা পর তৃতীয় দফায় ভূমিকম্প প্রত্যক্ষ করে দেশটি। ভারতের ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি (এনসিএস) টুইটারে দেয়া এক বার্তায় জানিয়েছে, ভারতীয় সময় রাত ১১টা ৫৬ মিনিটে মিয়ানমারের ইয়াঙ্গুন শহরের ২২৭ কিলোমিটার দক্ষিণে রিখটার স্কেলে ৪ দশমিক ৪ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হানে। ভূমিকম্পটির গভীরতা ছিল ভূপৃষ্ঠ থেকে ২৫ কিলোমিটার। এর প্রায় তিন ঘণ্টা পর ভারতীয় সময় রাত ২টা ৫৩ মিনিটে ইয়াঙ্গুন শহরের ১৬০ কিলোমিটার দক্ষিণে আরেকটি ভূমিকম্প আঘাত হানে। রিখটার স্কেলে ওই ভূমিকম্পটি ছিল ৪ দশমিক ২ মাত্রার। এর গভীরতা ১০ কিলোমিটার ছিল। আর দ্বিতীয় দফার ভূমিকম্পের পর গতকাল বৃহস্পতিবার ভোর ৫টা ৪৩ মিনিটে মিয়ানমারে তৃতীয় দফায় কম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৪ দশমিক ৫। এর গভীরতা ছিল ৪৮ কিলোমিটার। ভূমিকম্পের ঘটনায় তাৎক্ষণিকভাবে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

## চীনে রেস্টুরেন্টে বিস্ফোরণে নিহত ৩১

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনের একটি রেস্টুরেন্টে বিস্ফোরণের ঘটনায় ৩১ জন নিহত হয়েছে। দেশটির উত্তর-পশ্চিমাঞ্চলের একটি বারবিউ রেস্টুরেন্টে ওই দুর্ঘটনা ঘটে। বিস্ফোরণে প্রাণহানির ঘটনায় এখন পর্যন্ত ৯ জনকে আটক করা হয়েছে। স্থানীয় সময় গত বুধবার রাতে ইনচুয়ান শহরে ওই বিস্ফোরণ ঘটে। গ্যাস লিক থেকে বিস্ফোরণ হয়ে থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। বিস্ফোরণের ঘটনা তদন্তে এবং উদ্ধার অভিযানে সব ধরনের প্রচেষ্টা চালিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। স্থানীয় গণমাধ্যমের খবরে জানানো হয়েছে, ফুয়াং বারবিকিউ রেস্টুরেন্টের মালিককেও আটক করা হয়েছে। চীনে তিন দিনের ড্রাগন বোট ফেস্টিভাল শুরুর আগেই এমন বিস্ফোরণের ঘটনা ঘটলো। এই ফেস্টিভালে লোকজন তাদের পরিবার এবং বন্ধুদের নিয়ে আনন্দ উদযাপন করে। সিনহুয়া নিউজ এজেন্সির এক প্রতিবেদনে জানানো হয়েছে, মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

## একে অপরকে টেক্কা দেওয়ায় ব্যস্ত জুকারবার্গ ও ইলন মাস্ক

**আন্তর্জাতিক ডেস্ক :** দুই টেক জায়ান্ট ফেসবুক-টুইটারের মধ্যে প্রতিযোগিতা নতুন কিছু নয়। প্রতিষ্ঠার পর থেকেই এ দুই সংস্থা একে অপরকে টেক্কা দেওয়ায় ব্যস্ত। সোশ্যাল মিডিয়া জগতের দুই শীর্ষ সংস্থার মালিকও বিশ্বের শীর্ষ ধনীর তালিকায় প্রতিযোগিতা করছেন। কিন্তু তাই বলে সশরীরে মারামারি করবেন তারা! না, এখনো ঘটেনি এই কাণ্ড! তবে অবস্থাদৃষ্টে মনে হচ্ছে সেটি খুব বেশি দূরেও নয়। শিগগির হয়তো বদ্ধ খাঁচায় একে অপরকে কিল-ঘুসি মারতে দেখা যাবে ইলন মাস্ক ও মার্ক জুকারবার্গকে। সম্প্রতি নিজের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম টুইটারে ইলন মাস্ক এক পোস্টে বলেছিলেন, 'মার্ক জুকারবার্গের সঙ্গে খাঁচার ভেতর লড়তে প্রস্তুত'। এটি নজর এড়ায়নি ফেসবুক-ইনস্টাগ্রামের মূল কোম্পানি মেটার প্রধান জুকারবার্গের। জবাবে মাস্কের টুইটের একটি স্ক্রিনশট ইনস্টাগ্রাম স্টোরিতে শেয়ার করে তিনি লেখেন, 'আমাকে জায়গার নাম পাঠাও'। এর প্রত্যুত্তরে ইলন মাস্ক বলেন, ভেগাস অক্টাগন। অক্টাগন হলো আল্টিমেট ফাইটিং চ্যাম্পিয়নশিপ (ইউএফসি) প্রতিযোগিতায় ব্যবহৃত একটি খাঁচাবিশিষ্ট মঞ্চ। সাধারণত নেভাদার লাস ভেগাসে হয়ে থাকে এই লড়াই প্রতিযোগিতা। কিন্তু, এখন সত্যি সত্যিই যদি মাস্ক-জুকারবার্গ মারামারিতে নামেন, তাহলে কে জিতবেন? উত্তরটা কিন্তু সহজ। এ মাসে ৫২ বছরে পা দিতে চলা ইলন মাস্ক নিজেই বলেছেন, বাচ্চাদের স্কুল থেকে আনা এবং শূন্যে ছুড়ে দেওয়ার বাইরে আমি কখনোই শরীরচর্চা করিনি। বিপরীতে, ৩৯ বছর বয়সী মার্ক জুকারবার্গ এরইমধ্যে মিক্সড মার্শাল আর্টের প্রশিক্ষণ নিয়েছেন এবং কিছুদিন আগে একটি জুজিৎসু টুর্নামেন্টও জিতেছেন। দুই ধনকুবেরের এই আলোচনা এরইমধ্যে ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। বিবিসি'র পক্ষ থেকে এ বিষয়ে জানতে মেটা ও টুইটারের সঙ্গে যোগাযোগ করা হয়েছিল।



# বিনোদন



## ভিন্ন চরিত্রে মেহজাবীন

*বিনোদন ডেস্ক :* আমাদের নাট্যাঙ্গনে এই প্রজন্মের অন্যতম শীর্ষ তারকাভিনেত্রী মেহজাবীন চৌধুরী। শুধু মেহজাবীনের অভিনয়কে ভালোবেসে, তারই অভিনয়ে অনুপ্রাণিত হয়ে এক্কেবারেই নতুন একটি প্রজন্ম অভিনয়ে এসেছে। যাদের প্রত্যেকের কাছে মেহাজবীনই সেরা। সেরা এই অভিনেত্রী এর আগে বহু নাটকে, টেলিফিল্মে অভিনয় করে দর্শককে মুগ্ধ করেছেন। যে কারণে দর্শকের কাছে অভিনয়ে মুগ্ধতার আরেক নাম মেহজাবীন চৌধুরী। ভিকি জাহেদের রচনা ও পরিচালনায় ফিকশন 'পুনর্জন্ম'র তিনটি পর্বে দুর্দান্ত এক মেহজাবীনকে দেখেছেন দর্শক। তার অভিনয়ও উপভোগ করেছেন। তবে দর্শক 'পুনর্জন্ম' অন্তিম পর্ব প্রচারের অপেক্ষায় ছিলেন অধীর আগ্রহ নিয়ে। কারণ শেষ পর্বে কী হয় তা দর্শকের মনে অনেক কৌতুহলের সৃষ্টি করেছে। এরইমধ্যে জানা গেল, আগামী ঈদে চ্যানেল আইয়ে 'পুনর্জন্ম' অন্তিম পর্ব প্রচার হবে। 'পুনর্জন্ম'র প্রথম পর্ব নির্মাণের সময়ও নির্মাতা ভিকি জাহেদ ভাবেননি যে তাকে এটা নিয়ে এত দীর্ঘ পথ পাড়ি দিতে হবে। কিন্তু দীর্ঘ পথ পাড়ি দেবার শেষ মুহূর্তে এসে তার নিজেরও খারাপ লেগেছে অন্তিম পর্ব নির্মাণ করতে। অন্তিম পর্বে অভিনয় প্রসঙ্গে মেহজাবীন চৌধুরী বলেন, 'পুনর্জন্ম'র অন্তিম পর্বে চমক তো আছেই। এতটুকু বলতে পারি, দর্শক হতাশ হবেন না। দর্শকের দীর্ঘদিন প্রতীক্ষার অবসান হতে যাচ্ছে অন্তিম পর্ব প্রচারের মধ্যদিয়ে। গল্পটা এ পর্বে শেষ হবে। দর্শক প্রতীক্ষায় আছেন কীভাবে গল্পটা শেষ হবে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্বকে ঘিরে যেমন দর্শকের আগ্রহ ছিল, অন্তিম পর্বকে ঘিরেও দর্শকের প্রবল আগ্রহ যে, অন্তিম পর্বে কী হবে। এখন শুধু অপেক্ষায় আছি দর্শক 'পুনর্জন্ম'র শেষটা কীভাবে গ্রহণ করে। ধন্যবাদ নির্মাতাসহ এর সাথে সংশ্লিষ্ট সবাইকে। দর্শকের প্রতিও আন্তরিক ভালোবাসা, কৃতজ্ঞতা।' ভিকি জাহেদের ওয়েব সিরিজ 'দ্য সাইলেন্স' -এ অভিনয়ের জন্য সর্বশেষ প্রশংসিত হয়েছেন মেহজাবীন চৌধুরী। তবে বেশকিছু দিন অভিনয়ে বিরতির কারণে অনেকেই মনে করছেন হয়ত মেহজাবীন সিনেমাতে কাজ করা নিয়ে ব্যস্ত রয়েছেন। বিষয়টিকে যে তিনি একেবারে এড়িয়ে গেছেন, এমনটি নয়।



## ঈদে ওটিটিতে থাকছেন তিশা-মিম

**বিনোদন ডেস্ক :** বর্তমানে সিনেমা হল ও টেলিভিশন কিংবা ইউটিউবের বাইরে বিনোদনের অন্যতম মাধ্যম ওটিটি প্ল্যাটফর্ম। আসছে কোরবানির ঈদে এই মাধ্যমটিতে থাকছেন জনপ্রিয় অভিনেত্রী নুসরাত ইমরোজ তিশা ও বিদ্যা সিনহা মিম। জানা গেছে, তিশা হাজির হবেন 'রক্তজবা' সিনেমায়। অন্যদিকে, 'মিশন হান্টডাউন' নামের ওয়েব সিরিজে হাজির হতে যাচ্ছেন আরেক চিত্রনায়িকা মিম। ঈদে 'রক্তজবা' সিনেমাটি দেখা যাবে আই স্ক্রিন নামে একটি ওটিটি প্ল্যাটফর্মে। সিনেমাটি পরিচালনা করেছেন নেয়ামুল মুক্তা। এতে তিশার সহশিল্পী শরিফুল রাজ। সিনেমাটির গল্প একটি চিঠিকে কেন্দ্র করে তৈরি হয়েছে। একদিন আচমকা এক অবসরপ্রাপ্ত শিক্ষকের কাছে একটি চিঠি আসে। সেই চিঠির রেশ ধরে তিনি ফিরে যান একযুগ আগের অতীতে। আর এর মাধ্যমে একে একে উন্মোচিত হয় নানা রহস্য। ঘটনার সঙ্গে যুক্ত হয় আরো অনেক চরিত্র। এদিকে, মিম অভিনীত 'মিশন হান্টডাউন' ওয়েব সিরিজটি মুক্তি পাচ্ছে এই ঈদে (২৮ জুন)। 'মিশন এক্সট্রিম' ও 'ব্ল্যাক ওয়ার' নির্মাতা জুটি সানী সানোয়ার এবং ফয়সাল আহমেদের নির্মাণ করছেন সিরিজটি। এতে ধুন্ধুমার পুলিশি অ্যাকশন দেখা যাবে। ইতোমধ্যেই মুক্তি পেয়েছে 'মিশন হান্টডাউন' ট্রেলার। যেখানে অ্যাকশন ও রহস্যের পাশাপাশি মিলেছে এক অসহায় নারীর হতাশার বহিঃপ্রকাশও। সিরিজটিতে নীরা চরিত্রে আছেন মিম। তার বিপরীতে মাহিদ

## ভারতীয় সিনেমার প্রিমিয়ার হবে আইফেল টাওয়ারে!




**বিনোদন ডেস্ক :** নীতেশ তিওয়ারি পরিচালিত, 'বাওয়াল' সিনেমাতে বরুণ ধাওয়ান এবং জাহ্নবী কাপুরকে এক সাথে দেখা যাবে। ইতোমধ্যে সিনেমাটির শুটিং শেষ হয়েছে। টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদন অনুসারে, জুলাই মাসের মাঝামাঝিতে প্যারিসের আইফেল টাওয়ারে 'বাওয়াল' সিনেমাটি প্রিমিয়ার হবে। আইফেল টাওয়ারে এটিই হবে প্রথম ভারতীয় চলচ্চিত্র, যা কিনা প্রিমিয়ার করা হবে। এটিকে ভারতীয় চলচ্চিত্রের জন্য সবচেয়ে বড় প্রিমিয়ার বলে মনে করা হচ্ছে। আইফেল টাওয়ারে 'বাওয়াল'-এর প্রিমিয়ারের একটি কারণও রয়েছে। প্যারিসের কিছু জায়গায় এই সিনেমার শুটিং হয়েছে। চলচ্চিত্রটি দ্বিতীয় বিশ্বযুদ্ধের গল্প। এর সাথে একটি প্রেমের গল্পও যুক্ত হয়েছে। আর প্যারিসকে প্রেমের শহর হিসাবে বিবেচনা করা হয়। এই কারণেই নির্মাতারা সেখানে সিনেমাটির প্রিমিয়ার করতে চায়। সম্প্রতি 'বাওয়াল' সিনেমার নির্মাতারা পোস্টার উন্মোচন করেছেন। সিনেমাটি ২০২৩ সালের এপ্রিলে প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়ার কথা ছিল। তবে এখন এটি ওটিটি-তেই দেখা যাবে বলে জানা গিয়েছে। আসন্ন জুলাই মাসে সিনেমাটি প্রিমিয়ার হতে চলেছে। সূত্র- টাইমস অব ইন্ডিয়া

## বিশ্বের সবচেয়ে বিবাহযোগ্য নারী উর্বশী

**বিনোদন ডেস্ক :** 'ওয়ার্ল্ড মোস্ট এলিজেবল ব্যাচেলর' পুরস্কার পেলেন বলিউড অভিনেত্রী উর্বশী রাউতেলা। বিশ্বের সবচেয়ে বিবাহযোগ্য নারীর এই তকমা দিয়েছে আইডব্লিউএম বাজ। পাশাপাশি গ্লোবাল সুপারস্টার অ্যাচিভার পুরস্কারও পেয়েছেন তিনি। এসব তথ্য জানিয়ে উর্বশী ইনস্টাগ্রামে একটি পোস্ট দিয়েছেন। আইডব্লিউএম বাজ অ্যাওয়ার্ড কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে উর্বশী রাউতেলা লিখেন- 'ওয়ার্ল্ড মোস্ট এলিজেবল ব্যাচেলর পুরস্কার প্রদানের জন্য আইডব্লিউএম বাজ কর্তৃপক্ষের প্রতি আমি কৃতজ্ঞ। ভবিষ্যতে অধ্যবসায়ের সঙ্গে কাজ করে যাওয়ার প্রতিশ্রুতি দিচ্ছি।' ভারতীয় ক্রিকেটার ঋষভ পান্তের সঙ্গে নাম জড়িয়েছে উর্বশী রাউতেলার। রেস্তোরাঁ, পার্টি, বিভিন্ন অনুষ্ঠানে তাদেরকে একসঙ্গে দেখা গেছে। তবে ২০১৯ সালে উর্বশীর সঙ্গে সম্পর্কের বিষয়টি মিথ্যা বলে উড়িয়ে দেন ঋষভ। এসব নিয়ে জলঘোলা কম হয়নি। ২০১৫ সালে মিস ডিভা ইউনিভার্স খেতাব জেতেন উর্বশী।

## 'প্রিয়তমা'য় বৃদ্ধ শাকিবের মেকআপের খরচ কত?

**বিনোদন ডেস্ক :** চামড়ায় ভাঁজ, গালে, কপালে ফুটে উঠেছে বলিরেখা, ঘাড় অবধি লম্বা কাঁচাপাকা চুল, মুখভর্তি দাড়ি, ৮০ বছরের বৃদ্ধ রুপের ঢালিউড কিং শাকিব খান সবাইকে চমকে দিয়েছেন। গত মঙ্গলবার প্রকাশ হওয়া 'প্রিয়তমা' সিনেমায় শাকিবের তৃতীয় লুক এক ভিন্নধর্মী মুগ্ধতা ছড়িয়েছে ভক্ত-দর্শকদের মধ্যে। দীর্ঘ ক্যারিয়ারে এমন লুকে নিজেকে উপস্থাপন করে প্রশংসায় ভাসছেন অভিনেতা। তবে শাকিবের প্রস্থেটিক এই মেকআপের পেছনে সংশ্লিষ্টদের গুনতে হয়েছে পাঁচ লাখ টাকা। ছবিতে দেখা যায়, জীবন সায়াহ্নে এসে অপলক দৃষ্টিতে তাকিয়ে কী যেন খুঁজছেন শাকিব। ক্যাপশনে লেখা, 'আছি তোমারই অপেক্ষায়।' আর মুহূর্তেই সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়ে যায় বয়স্ক শাকিবের সে লুক! জানা যায়, ছবিতে ব্যবহৃত ছোট্ট এই অংশটুকুর দৃশ্যায়নে 'প্রিয়তমা' টিমের খাটুনিও কিন্তু কম ছিল না। প্রথমেই শঙ্কা ছিল, ছয়-সাত মিনিটের এই অংশ করতে শাকিব খান রাজি হবেন কি না? তবে চিত্রনাট্য পড়ে বৃদ্ধের এই অংশটুকু করতে বেশ আগ্রহী হয়ে ওঠেন শাকিব। এরপর থেকেই চলে এর প্রস্তুতি পর্ব।

